বাংলার বাউল গান

কথা ভারতী
৪৬, পার্বতী ঘোষ লেন। কলিকাতা-৭

পরিবেশক :—
'রাজেন্দ্র লাইব্রেরী'
১৩২, ক্যানিং স্ট্রীট (দ্বিতল)
[বিপ্লবী রাসবিহারী বসু রোড]
কলিকাতা—১

প্রকাশক : শ্রীমদনগোপাল গুপ্ত
"কথা ভারতী"
৪৬, পার্বতী ঘোষ লেন
কলিকাতা-৭

প্রথম প্রকাশক :
মে বিপ্লব দিবস, ১৩৬৭

মুদ্রাকর : শ্রীঅনিলকুমার ঘোষ
"শ্রীহরি প্রেস"
১৩৫।এ, মুক্তরামবাবু স্ট্রীট
কলিকাতা-৭

লেখকের নিবেদন

আমাদের এই বাংলাদেশ কোথাও নদীমাতৃক, কোথাও ঘন সবুজ বনানীর প্রাণের সঙ্গে মিলে নীল আকাশ হয়েছে উদাত্ত। আবার কোথাও লাল মাটির প্রান্তর বৈরাগ্যের প্রতীক হয়ে বিরাজমান। এই সোনার বাংলায় যুগে যুগে অবতীর্ণ হয়েছিলেন কত সাধক ও মহাপুরুষ। তাঁদের সাধন ভজনের মত ও পথ ছিল ভিন্ন ধরণের।

আবার আবহমান কাল থেকে এই বাংলারই গ্রামে জন্ম হয়েছে কত লোকায়ত সংস্কৃতির। এর মধ্যে বাঙালীর মানসলোকে সবচেয়ে বড় আসনটি অধিকার করেছে বাংলার বাউল গান। এই গানই বাংলার বাউল ধর্মীদের সাধনা। এ গানেই তাঁরা ফুটিয়ে তোলেন মূল ধর্মতত্ত্বকে। বীরভূমের বাউলের কথা লিখতে গেলে সে এক বিরাট তত্ত্ব। এ তত্ত্বকে ব্যাখ্যা করা বা বিশ্বজন সম্মুখে তুলে ধরা সামান্য বিদ্যা-বুদ্ধিতে পারা যায় না। আমার সে বিদ্যা নাই। তা ছাড়া আমি কবি বা লেখকও নই এবং তা আমার সাধনাও নয়।

আমার সাধনা হচ্ছে সঙ্গীত সাধনা, শুধু আমার নয়—বাউল ধর্মের সাধনাই হচ্ছে সঙ্গীতের মাধ্যমে। আমরা গান করি মনের আনন্দে। গানের ভিতর দিয়েই তুলে ধরতে চেষ্টা করি মূল তত্ত্বকে। কিন্তু কাউকে শোনাবার জন্য নয় বা বাহবা নেবার জন্যে গাইনা, নাচিনা। আমরা নিজে নাচি, গান গাই, সংসার সেই নৃত্যের তালে ও গানের সুরে মাতে—পাগল হয়।

তবুও আমাকে শ্রোতাদের অনুরোধে লিখতে হল এই বইখানি। আমি হয়ত পাঠক সমাজকে পরিপূর্ণ তৃপ্তি দান করতে পারব না। তবুও আমি আমার ক্ষুদ্র জ্ঞান ও বুদ্ধিদ্বারা সহজ ও সরল ভাষায় বইখানি লিখেছি। প্রথম প্রকাশনায় অনেক ভুল ত্রুটি থাকা স্বাভাবিক। পাঠক সমাজের নিকট তাই অনুরোধ, প্রত্যেকেই যেন ভুল ত্রুটিকে ক্ষমা করে বইখানা পড়ে বাউল ধর্ম ও তত্ত্বকে জানতে ও বুঝতে চেষ্টা করেন। এই আমার একান্ত কামনা।

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
বাউল ধর্ম ও তত্ত্ব বিশ্লেষণ	৩—২২
বাউল গান	
আঁখি দে তুই ভাবনা ছেড়ে	২৫
আমার মায়ের সাথে দ্বন্দ্ব	২৫
ভাই এসো প্রেমের গাঁজা খাবে কে	২৬
লশ করবি মায়ের কাছে	২৭
াচ্ছা এক রঙ্গভূমি এ সংসার	২৭
যার ঘর তারেই দিলাম	২৮
বাঁশের দোলাতে উঠে কেহ বটে	২৯
কে ডাকে আমায় বিদেশী বন্ধু	৩০
বঁচে থাকুক বিদ্যাসাগর	৩১
ভাইরে ভাই কলির মানুষ চেনা ভার	৩১
পুরাণে নবীন বিদ্যা হয়েছে আমার	৩২
হরিনামে খাসা গুড়ুক ভুড়ুক	৩৩
প্রেম কারে কয় আমি না জানি	৩৩
আমি অপরূপ রূপ সাগরের পারে	৩৪
বল কোথায় হরি আছে	৩৪
সময় থাকতে হওরে সাবধান	৩৫
এ দেহ তরণী আমার ন'টী ছিদ্র তায়	৩৫
খাঁচার ভিতর অচীন পাখী	৩৬
রংমহল লুঠ করে ভাই ছয়জনে	৩৭
মন পাখী আমার বশ'ত হ'লোনা হ'লোনা	৩৭
মন মাঝিরে, নাওখানি বাইও তুমি সাবধানে	৩৮
মনে না বিবেক এলে, ভেক লইলে	৩৯
ভাব মন দিবানিশি সত্য পথের সেই ভাবনা	৩৯

বিষয়	পৃষ্ঠা
এ ভব সাগর রে আমি কেমনে পাড়ি দিব রে	৪০
ঘরের মধ্যে ঘর বেঁধেছি মন-মতি মনোহরা	৪১
এত লোক পেরিয়ে গেল	৪১
শ্যাম তোমারে ভুইলাছে	৪২
গুরুর চরণ পাবো বলে মনে বড় আশা ছিল	৪২
চল ভাই আর দেরী নাই ঐ টিকিটের ঘণ্টা হ'ল	৪৩
ভব পারে কে যাবিরে আয়	৪৩
তরু বলরে বল, ও তরু বলরে বল	৪৪
ভক্ত হওয়া মুখের কথা নয়	৪৪
কালারে, তোরে এত ডেকে হলেম সারা	৪৫
গৌর আমায় ভবে কর পার	৪৬
এ জীবনে নাইরে আশা কর শ্রীগুরু চরণ ভরসা	৪৬
আজ মোরা জল ভরিতে দেখে এলাম নবীন গোরা	৪৭
কাতরে এত তোরে ডেকে হলাম সারা	৪৭
এযে এক রসিক পাগল, বাধালে গোল	৪৮
আদর পেয়ে ওরে ভোলা বেজায় ফুলে গেলি	৪৯
ডাক দেখি মন হরি বলে	৪৯
এই ভবের মুখে ছাই	৫০
বিবেক ইণ্টার ক্লাসে চড়েরে মন	৫১
সুজন বন্ধুরে—দেখছনি ভাই বানাইছে কি কারখানা	৫২
রাত বিরেতে পাবি খোলা দুনিয়ার পান্থশালা	৫৩
বন্ধু তোর বাঁশের বাঁশি নয় মোটে সরল	৫৩
দেখে যা নদের ঘাটে মহাভাবের ইষ্টিমার	৫৪
নবদ্বীপে এসেছে কে নিতাই কিশোর	৫৫
কে যাবিরে ভবপারে আয় চলে আয়	৫৫
ও মধুর হরিনামের নাই তুলনা	৫৬
মন ছাড়রে অসার ভোগ বাসনা	৫৭
শ্যাম তুমি মানে মানে	৫৭
কোথা দীন দুঃখী তোরা আয়রে ত্বরা	৫৮

বিষয়	পৃষ্ঠা
কার ভাবে নদে এসে কাঙাল বেশে	৫৯
যার জন্যে পাগল হয়ে বেড়াস বনে	৫৯
মনের মানুষ খুঁজে বেড়াই	৬০
বাঁশের দোলাতে উঠে কে হে বটে	৬১
মন ব্যাপারী তোমার মত দেখি নাই এমন বিদিশা	৬২
ভবের ব্যাপারী ভাই আমি তোমারে শুধাই	৬২
এ রাজ্যেতে গৌর আমার হলো না বসতি	৬৩
ও ভাই কিসের লেগে, দিনে দিনে এমন হলে	৬৩
ভেবে মরি কি সম্পর্ক তোমার সনে	৬৪
তোমার মত কে আছে আর এ-সংসারে	৬৫
ও ভাই বলতে স্বরূপ কি অপরূপ	৬৫
কৃষ্ণ প্রেমের মশারী, যতন করি	৬৬
শুধু সময় কাটে ঘাটে পটে, ধর্ম হয় না ভাই	৬৬
সংসারের উজান স্রোতে যাও বেয়ে	৬৭
তোরা বনে করবি কি, মরি হায় রে	৬৮
শোন মনরে আমার কপাল মন্দ	৬৮
মনরে দিনান্তরে গৌর বলে ডাকলে নারে	৬৯
এতদিন কার বেগার দিলাম	৬৯
যার ফুল নকল করে গহনা গড়ে	৭০
বল কি সন্ধানে যাই সেখানে	৭১
যদি এসে থাক হরি নিয়ে নামের তরি	৭১
এ ঘরখানায় কে বিরাজ করে	৭২
তপ জপ যাগ যজ্ঞ কার তরে মন উপবাসী	৭৩
প্রেমিক লোকের স্বভাব স্বতন্তর	৭৩
দেখনা মন ঝকমারী এ দুনিয়াদারী	৭৪
দেখনা মন নেহার করে	৭৫
তোর মত মন বোকা চাষী আর ত দেখি না	৭৫
আজব ইংরেজের মুলুক বিলাত সহর	৭৬
ওরে অবোধ মন	৭৭

বিষয়	পৃষ্ঠা
এখন আর ভাবলে কি হবে	৭৭
প্রেম প্রেম সবাই করে	৭৮
ডাকরে মন পতিতপাবন	৭৯
আমায় দাওহে বনমালী	৭৯
যমুনা এই কি তুমি সেই যমুনা প্রবাহিনী	৮০
হরি নামের সারি গেয়ে চল বেয়ে	৮১
(ভাই সব) দেখ চেয়ে বাজার ছেয়ে	৮২
ও রাধে গো, যেন কালার সাথে	৮৩
ধনে প্রাণে প্রজার মরণ	৮৪
জীবন প্রদীপ জ্বলেছে রে ঘরে	৮৫
মন যদি তুই বাঁচাবি মাথা	৮৫
যে জন অন্ধরাগে সাধন করে সে চিনতে নারে	৮৬
সংসার জলে ভাসবে বলে দশ লোক ঘাটে	৮৭
পায়ে ধরি বলি তোমায়	৮৭
গাঁটকাটা ছয় বেটা বড় বোম্‌বেটে	৮৮
ব্রহ্ম নামটি ধরে থাক পড়ে	৮৯
দেখ জহুরা নয়ন খুলে	৯০
মন না হ'লে সোজা ফকির সাজা	৯১
এসেছে এক নতুন মাতাল এই নদীয়ায়	৯১
এই হরিনাম খাসা অম্বরি	৯২
ভুগছো মিছে পাপের বিকারে	৯৩
দেহের মাঝে কৃষ্ণ প্রেম ছবি	৯৪
কলিকালের আচার চমৎকার	৯৪
ভবের শোভা ফক্কিকার	৯৫
হরি বল, বলবি আর কোন কালে	৯৬
হরি হরি বলে ভাসাওবে তরণী	৯৭
হরি বল মন রসনা	৯৭
চল দেখি মন দুজনে যাই	৯৮
বহুদিন পরে এসেছি	৯৯

বিষয়	পৃষ্ঠা
হরিহে আপনি নাচ আপনি গাও	১০০
প্রজাদের রক্ত শুষে রঙ্গ রসে	১০১
সইলো শোন লো হুজুগ ভারি	১০১
সবাই চায় ধুই টাকা	১০২
পাগলা মনরে আমার	১০৩
তারা নিজ বলে গেল চলে	১০৩
বলরে কৃষ্ণ বুলি ও ময়নাপাখী	১০৪
ললিতা গো করিস মানা	১০৫
ঘরের মাঝে অনেক আছে	১০৫
কথা কও বদন তুলে হও সদয় এই ভিক্ষা চাই	১০৬
ও আমার সোনার বাংলা রে—	১০৭
পীত বসন কুসুম ভূষণ,	১০৭
নদি! বল রে বল, আমায় বল রে।	১০৮
ওরে আমার প্রাণপিঞ্জরের পাখি,	১০৯
হেথা সেথা করে রে মন,	১১০
মন ছাড় রে অসার ভোগ বাসনা	১১১
সাধ করে কি পাগল হই	১১১
প্রেম পিঞ্জরে রাখ হে নাম	১১২
ঐ দেখ প্রেমের দরবারে আনন্দের মেলা	১১৩
ওরে যার হবার হয়, তার প্রেম উথলে ওঠে দুর্বাঘাসে	১১৪
আজ আমার প্রেম সাগরে	১১৪
হরি বল বলরে ভাই আর বেলা নাই	১১৫
দেখ ভাই জলের বুদ্বুদ কিম্বা অদ্ভুত	১১৬
কে আমায় ডাকে বিদেশী সাধু	১১৭
হদ্দ মজা কলিকালে কল্লে কলকাতায়	১১৭
গৌরাঙ্গ কলঙ্কের মালা পরেছি গলে	১১৮
আমি সেই গৌর বলে ডাকি, প্রাণ সখি	১১৮
আমি অচল পয়সা হলেম রে	১১৯
দেখ এক তুলসীর সব মালা	১২০

বিষয়	পৃষ্ঠা
প্রভু অপরূপ তোমার করুণা	১২০
আমারে পাগল করে যে জন পালায়	১২১
মোক্ষধন তুই বন্ধ কর মন বাক্‌সেতে	১২২
কালী কৃষ্ণ গড খোদা	১২২
স্বরূপের বাজারে থাকি	১২৩
তোমার উপমা কেবল মা তুমি	১২৩
বুঝবে কে পাগলের খেলা	১২৪
কেন দাবা খেলতে এলি বল	১২৫
বৃথা ভবে খেলতে এলি তাস	১২৬
আর কি এবার ভাবনা রে আছে	১২৭
মন না হলে সোজা, ফকির সাজা	১২৮
করিছ পরের কারণ সদাই রোদন	১২৯
দোকানি ভাই দোকান সার না	১২৯
কার হিসাব লিখছিস বসে মনের খোসে	১৩০
ভাইরে কে তুমি এই শ্মশান শয্যায়	১৩১
পাখী মোরে সেই কথাটি বল না	১৩২
বাড়ীর গিন্নী আজ চললে কোথায়	১৩৩
হায় হায় কি মজার দোকান পেতেছে নিতাই	১৩৪
সাধের খাঁচা পড়ে রবে তোর	১৩৫
আগুন আছে ছাইয়ের ভিতর	১৩৬
মানে না আসল নামা	১৩৬
বানিয়েছে পাঁচভূতে এই বাংলাখান	১৩৭
ঠক বাছতে হয় গ্রাম উজোড়	১৩৭
কলিকালে সবাই হ'ল নেশাখোর	১৩৮
শক্তিপূজা কথার কথা না	১৩৯
তোরা আয়রে পুরবাসীগণ	১৪০
মা তোরে আর ডাকব কত	১৪১
কি শোভা শ্যামের বামে	১৪১
বিপদে কোথায় রইলে গো ফেলে	১৪২

বিষয়	পৃষ্ঠা
নিমাই কোন্ প্রাণে আমায়	১৪২
মন কবে তুই যাবি ঢাকা	১৪৩
কোথায় গেলে রামমোহন ওহে ভারতভূষণ	১৪৪
হ'লে কেন ভ্রান্ত, ওহে প্রাণকান্ত	১৪৫
তোমারই মধুর রূপে ভরেছে ভুবন	১৪৫
মহা সিংহাসনে বসি শুনিছ হে বিশ্বপিতঃ	১৪৬
সে আমায় পাগল ক'রেছে প্রাণ	১৪৭
দেখা হ'লে তারি সনে	১৪৭
ওগো ললিতে গো, তোরা দেখে যা গো	১৪৮
প্রাণের প্রাণ পড়লো ধরা	১৪৯
শুন শুন গুণবতী রাই	১৪৯
শ্রীরাধিকা নামে নারী	১৫০
কি কর কি কর শ্যাম নটবর	১৫১
নাচিয়ে গাইয়ে বংশী বাজায়ে	১৫২
কার ভাবে গৌর বেশে জুড়ালে হে প্রাণ	১৫২
মন একবার হরি বল	১৫৩
হে দে গো নন্দরানী	১৫৪
হৃদয় বন্ধু বিহনে, সকলি আঁধার রে	১৫৪
মনের মরম কথা শুনলো সজনী	১৫৫
আসবো বলে গেছে চলে	১৫৬
মন বুঝে না মনের কথা	১৫৬
মন চল যাই শীকার করি	১৫৭
ওহে তোমার নাম বিনে	১৫৮
গুলি হাড়কালী, মা কালীর মত রং	১৫৯
বল তুমি কার তরে ভূমে পড়ে কাঁদ	১৬০
পাষাণ চাপা মায়ের বুকে	১৬০
মুখের হাসি চাপলে কি রয়	১৬১
পড়িয়ে ভবসাগরে ডুবে মা তনুর তরী	১৬১
আমি তারে চোখের দেখা দেখে আসি	১৬২

বিষয় পৃষ্ঠা

বাউল গানের স্বরালিপি

এসে এক রসিক পাগল ১৬৫
হৃদয় পিঞ্জরে বস পাখি ১৬৯
ভাল ক'রে পড়্‌গা ইস্কুলে ১৭৪
প্রেম করা কি জ্বালা গো ১৭৯
কালো বিড়াল কে পোষে পাড়ায় ১৮২
অচেনা এক পাখী আমার ১৮৭
হরি, তোমায় ডাকবার আমার সময় হ'ল কই ১৯১
বলে কয়ে মানুষকে কি সাধু করা যায় ১৯৬
ও কাঁচা হাঁড়িতে রাখিতে নারিলি প্রেম জল ২০০
যদি উল্টা ডাঙ্গা যাবি ২০৪
গুরু, আমায় লও গো টেনে তোমার সেই দেশে ২০৭
ঠিক রাখবি যদি সাধের ঘর ২১১
কে গড়েছে এমন ঘর ধন্য কারিকর ২১৫
রসিক রস বিনে বাঁচে না ২২০
রসের কথা অরসিকে বলো না ২২৩
না হলে ভাবের ভাবি, কোথায় পাবি ২২৮
যদি রূপ নগরে যাবি ২৩২

কয়েকটি বহুল প্রচলিত বাউল গান

কি চমৎকার ফলগো ২৩৭
সে আবার কেমন পাগল ২৩৮
মন চল রূপের নগরে ২৩৯
মন গুরু কল্পনা মায়া ২৪০

—সূচীপত্র সমাপ্ত—

বাউল ও বাউলগানের ইতিহাস

বাউল ধর্ম ও তত্ত্ব বিশ্লেষণ

বাউল ধর্ম হচ্ছে বেদের একটি অংশ। বাউল ধর্ম মানস ধর্ম। মানুষ যেদিন থেকে সৃষ্টি হয়েছে, বাউল ধর্মেরও সেদিন থেকেই উৎপত্তি হয়েছে।

সকল সাধনার শেষ স্তর হচ্ছে সমাধি অবস্থা, ঠিক বাউল ধর্মেরও তাই। সাধনার মূল সার হচ্ছে নিজেকে বলি দেওয়া, মানে আত্মাকে বলি দেওয়া। বাউলরা নিজেকে বিলিয়ে দেন। এঁরা মনের মানুষকে খুঁজে পেতে চান তার গানের ভিতর দিয়ে। মানুষের মধ্য থেকে পেতে চান প্রিয় আপনজনকে। সে কখনও কাছের মানুষকে দূরে রাখতে চায় না। সবচেয়ে যে আপনজন তাকে কি কখনও দূরে রাখতে পারে? যতক্ষণ না সে মনের মানুষটাকে খুঁজে পায়, ততক্ষণ সে পাগল পারা হয়ে ঘুরে দেশ দেশান্তরে, আর যখন সে পেয়ে যায়, অমনি সে নিজের মধ্যেই ভাবের ঘোরে বিভোর হয়ে থাকে।

বাউলদেরকে অনেকে বলে পাগল, আবার অনেকে বলে ক্ষ্যাপা। সত্যিই এই সাধনা না ক্ষেপলে হয় না। এবং মনের মানুষকে খুঁজে পায় না। যতক্ষণ না পায় ততক্ষণ পর্যন্ত পাওয়ার ব্যাকুলতা ও অস্থিরতা থেকে যায়।

যেমন মা হারা শিশু মাকে পাওয়ার জন্য অস্থির ও পাগল পারা হয়ে উঠে এবং তার দু'চোখে অশ্রু ঝরতে থাকে। আর যখন মাকে পেয়ে যায় মাতৃস্নেহে ভুলে যায় অতীতকে। মন ভরে উঠে এক পরম আনন্দে। তদরূপই বাউলের সাধনা। বৌদ্ধধর্মের সাথে এর কিছুটা মিল আছে। এদের যেমন পোষাক ভিন্ন, দেখলেই বুঝা যায়। তেমনি বাউলেরও পোষাকেই ধরা যায়। হাতে একতারা, গায়ে আলখাল্লা, পায়ে নূপুর, এই হচ্ছে প্রকৃত বাউল। বৌদ্ধধর্মের মূল কথা 'অহিংসা পরম ধর্ম।' জীবহত্যা মহা-

পাপ। তেমনি বাউলেরও সেই একই কথা। এক কথায় সর্বধর্মের সমন্বয়েই এই বাউল ধর্ম।

মীরাবাঈ বলেছিলেন—"বিনা প্রেমসে নাহি মিলে নন্দলালা"। যাই করুক না কেন, সকলের মধ্যে যদি প্রেমভাব না আসে, সে যে সাধনার পথিক হোক না কেন সফলতা লাভ করতে পারবে না।

চণ্ডীদাস বলেছিলেন

শুনরে মানুষ ভাই।
সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই॥

যুগে যুগে যত অবতারই এই মানবকুলে অবতীর্ণ হয়েছিলেন। ততবারই সেই একই বাণী প্রচার করে গিয়েছেন।

'কলিযুগে মহাপ্রভু বাউলের শিরোমণি।' তিনি বাউলকে বলে ছিলেন "শুন হে আউল, বাউলকে কহিও, হাটে না বিকাইবে চাউল।" বীরভদ্র প্রচার করলেন বাউলের সহজ সরল সাধনার মূলমন্ত্র।

বাউলদের মধ্যেও দুটি দল আছে। একদল উদাসী, অপরটি গৃহী। উদাসী বাউলরা সংসারের সকল বন্ধন থেকে মুক্ত থাকতে চান। এদের হাতে একতারা, গায়ে আলখাল্লা, পায়ে নূপুর, কোমরে বাঁয়া, কটিতে কৌপীন ও গলায় তুলসীর মালা, হাতে বালা, মুখে লম্বা দাড়ী। এই হচ্ছে তাঁদের সাজ পোষাক। আবার কোন কোন বাউলরা মাথায় পাগড়ী বাঁধেন। বাউলদের চারটি ঘর। চারটি ঘরের চারটি নাম। আউল, বাউল, সাঁই ও দরবেশ। কেউ বা উদাস, কেউ বা গৃহী। উদাস বাউলদের কোন ঘরবাড়ী নাই। এরা ঘর বাঁধে না। এরা ঘর করেছে বার, বার করেছে ঘর। এদের দেশ বিদেশে ঘর আছে। সেই ঘর খুঁজে খুঁজেই দেশ বিদেশে ঘুরে বেড়ায় এরা। গগন হরকরা একটি গানের মধ্যে বলেছেন—

আমি কোথায় পাব তারে।
আমার মনের মানুষ যে রে॥
খুঁজি দেশ বিদেশে তার উদ্দেশে,
আমি কোথায় পাব তারে॥

এই হচ্ছে বাউলদের সারকথা। এরা ঘটা করে পূজা করে না। মন্দির প্রতিষ্ঠা করে দেব-দেবীকে পূজা করে না। বাউল মানব ধর্মের পূজারী। মানুষের পদে সঁপে দাও প্রাণ। মানব সেবাই বড় পূজা। সকল মানুষের মধ্যেই ভগবান নিহিত আছেন। কাজেই জীবের সেবা করলেই ঈশ্বরের সেবা করা হয়।

এঁদের মধ্যে কোন জাতের বিচার নাই। ছোট বড় ভেদাভেদ নেই। হিংসা বিদ্বেষ নেই। সবাই এক। সবাই এক পথের পথিক।

বাউলরা পাগল। পাগলের মত গান গেয়ে চলেছে তো চলেছেই মনের মানুষের সন্ধানে। অথচ মনের মানুষ এঁদের বুকের মধ্যেই রয়েছেন। গানেই এঁদের সব আনন্দ। গানেই স্থিতি। শুরু হয় পর্যটন এ-গ্রাম ও-গ্রাম। চলা শুধু চলা, চলার মধ্যেই মধুলিপ্সা। চলতে চলতে গান আর গাইতে গাইতে চলা। হাটে মাঠে ঘাটে মেলায় অবাধ গতি তাদের। গানের সুরে মুখরিত করে তুলে চতুর্দিক, লোকের ঘুম ভাঙ্গিয়ে দেন। তাদের গানের সুরে ইঙ্গিত দিয়ে যান, আমি যে মনের মানুষকে খুঁজে বেড়াচ্ছি, তোমরাও হও আমার পথগামী। এরা সব সময় দেহতত্ত্বের ও গুরুতত্ত্বের গান গেয়ে থাকেন। যেমন—

গুরু মুখে পদ্য বাক্য,
হৃদয়ে করিয়া ঐক্য
এসব কর বাহ্য জ্ঞান।

এঁরা গুরুর মুখেই বিদ্যালাভ করেন। গুরুর আদেশমত চলেন। গুরুর মুখের গানই হচ্ছে জীবনের মূলমন্ত্র। তেত্রিশ কোটি দেব-দেবী তারা গুরুর মধ্যেই দেখতে পান।

গুরুর মুখটাকে মনে করেন দর্পণ। ঐ গুরু দর্পণে নিজের মুখটাকে দেখতে চেষ্টা করেন এবং দেখেন। আবার বলেন—

"গুরু পর্ব শত শত মন্ত্র কর সার।
মনের অন্ধকার ঘুচিয়ে দেবে দোহাই দেবতার॥
ঘরে গুরু বাইরে গুরু, গুরু মূলাধার॥"

এই গুরুসেবা করার জন্য, একতারা হাতে ও কাঁধে ঝুলি নিয়ে ঘুরে বেড়ান দ্বারে দ্বারে। দিনান্তে ফিরে আসেন আখড়ায়। পরম

যত্নসহকারে সেবা করে থাকেন। সে সময় যদি কোন বৈষ্ণব বা অন্য কোন বাউল থাকেন তাঁদেরকেও সেবা করা হয়। সেবা করেই আনন্দ পান তাঁরা। তাঁদের ভবিষ্যতের জন্য কোন চিন্তা থাকে না। কাল কি হবে, কোন চিন্তা নাই। আজ যা পান তা দিয়েই সেবাধর্ম পালন করে থাকেন। সেবা করতে যে পেরেছেন, তিনিই মনে করেন আমি ধন্য হয়েছি। তার কারণ হচ্ছে কৃষ্ণময় জগৎ দেখি, বৃক্ষ মূলে শাখা, সে কি পুচ্ছ পাখা, কৃষ্ণরূপে মাখামাখি। নয়ন মুদিয়া থাকি যে সময়। হৃদয় মাঝে কৃষ্ণকে উপদৃষ্ট হয়।

'মানুষের মাঝে কৃষ্ণ দেখিতে যে পাই।
কৃষ্ণরূপে মাখামাখি॥'

সেইজন্য গুরুকে প্রণাম করে থাকেন। বলেন জীবসেবার মত আর বড় ধর্ম নাই। নবনী দাসের গানেও এই কথা বলেছেন :

মানুষ মাঝে
মানুষ সমাজে
মানুষের পদে সঁপে দাও প্রাণ।"
মানুষ প্রাপ্তি হবে পরম ব্রহ্ম
—দেখতে পাবে রাধেশ্যাম॥

আবার মাঝে মাঝে বলেন—

মানুষ ভজ মানুষ পূজ,
মানুষ শ্রীশ্রীহরি বর্তমান।
মানুষ গৌরহরি ধরায় অবতরী।
সর্ব জীবে করে প্রেম দান॥

এই মানুষের মধ্যে থেকেই সেই মনের মানুষকে পাবার জন্য ঘর বাঁধেনা এরা। এদের সাথে কোন নায়িকা থাকেনা, আমি যে প্রভুর সেবা করি। সেই প্রভুর সেবায় যদি কোন বিঘ্ন ঘটে, তাহলে ত আমার সাধনায় সফলতা আসবেনা। আমিই ত নায়িকা।

নায়িকা হয়ে কর নায়িকার ভজন।
দিনে দিনে বাড়িবে প্রেমেরি তরঙ্গ।

বাউলদের ষটচক্র ভেদ করার একটি সহজ পথ আছে। তাঁদের গানের ভিতর ষটচক্রের ব্যাখ্যা করা আছে এবং সহজ পথের কথা বলা আছে। এক একটি দেহতত্ত্বের গানের মধ্যে খুব গুরুত্ব নিহিত আছে। যেমন কয়েকটি গানেব কলিতে আছে।

১। গাড়ী চলছে আজব কলে।
এ দেহ দিয়ে মাটি পরিপাটি
আগুন জল আর হাওয়ার বলে॥
হৃদয় স্টেশনে চেপে সুদ মহাজনে
চালায় কল রাত্রিদিনে যেখানে মন যায় চলে॥
কুলকুণ্ডলিনী মহারাণী বিরাজ করেন চতুর্দলে॥

২। "আমার যেমন বেণী তেমনি রবে
চুল ভিজাব না।
জলে নামব জল ছড়াব
জল তো ছোঁব না॥"
এধার-ওধার সাঁতার পাথার করিয়া আনাগোনা।

এরূপভাবেই গুরুতত্ত্বকে তুলে ধরেন গানের মাধ্যমে। আবার বলেন—

"পাঁকাল মাছ পাঁকে থাকে, পাক লাগেনা তাদের গায়ে।"

তেমনি সাধকরা সবার মধ্যে থাকেন বটে। কিন্তু নিজেকে সবার মধ্যে বিলিয়ে দেন না। তারা অনেকের কাছ থেকে দূরে সরে থাকেন। কিন্তু গুরুর কাছে তারা সম্পূর্ণভাবে বিলিয়ে দেন নিজেকে। মনের মানুষ যার মধ্যে খুঁজে পান তার নিকট নিজেকে বিলিয়ে দিতে একটুও কুণ্ঠিত হন না। বাউলরা সকল সময় বলে থাকেন সাধু সাবধান। ফের সাবধান। সাধু যদি সাবধান থাকে আবার সাবধান করার কি দরকার থাকে? দরকার করা লাগে বৈকি।

আবার বলেন, "হুঁসিয়ার বেহুঁসার হইও না, ওরে আমার মন। হুঁসারী—কত মহাজনের ভরা, বেহুঁসারে গেছে মারা, অগ্নির মুখে রেখে পারা, করতে হয় ধন উপার্জন॥ কত মহাজনের নৌকা যে,

বেহুঁসারে ডুবে গেছে। সাবধানে নৌকা চালাতে পারলে নৌকা ডুববার ভয় থাকে না" এও পিতৃ বস্তুধন। ধরে রাখা কষ্ট-সাধ্য। সামান্য ভুলের জন্য যাতে এই ধনহারা হয়ে না যায়। সে দিকে লক্ষ্য রাখতে হবে। নচেৎ সমস্ত জীবনের সাধনার ফল বিফল হয়ে যাবে।

আরও সহজ ভাষায় বলা যায়, ব্রহ্মচর্য পালন করাই হচ্ছে সব সাধনার মূল উদ্দেশ্য। যা হোক বাউলরা বলেন ঃ

"হরি ভজন ভারী লেঠা। ছিচের জল ঘুর কচাতে উঠা॥"

যাকে বলে ব্রহ্মচর্য আর বাউলদের মতে বীজরূপে কৃষ্ণ। শক্তি ধাতু ধরাই হচ্ছে ব্রহ্মচর্য পালন করা। সেই জন্য এঁরা নায়িকা সাধনাকে বড় সাধনা মনে করেন। শক্তি সাধনা না হলে সাধনার এক বিরাট অংশ বাদ পড়ে থাকে। সেইজন্য কুলকুণ্ডলিনীকে জাগিয়ে দেখেছেন শক্তি সাধনা ছাড়া কোন সাধনা সফল হয় না।

এই সাধনাতে অনেকে জয়ী হয়েছেন, আবার অনেকে পরাজিত হয়েছেন। তাই সাধন পথে এসে বলেন--

"মা হাবে না পুত্র হাবে, দেখব মা সাধন সমরে।"

"ত্রিবেণী কোন সাধনে যাবি। তোর সাধন দেখেই বসে ভাবি॥ সেই ত্রিবেণীর বাঁধা ঘাটে দুয়র আঁটা, তিন খানা ঘাটে। সে তার শব্দ, গন্ধ নাই, গুণাতীত ঠাঁই মন কি যাবি কামাতোরে।"

এদের ত্রিবেণীর সাধনাই হচ্ছে মূল। যেমন স্বর্ণকার সোনা যাচাই করে নেন, তেমনি সাধকদেরকেও এই ত্রিবেণীতে যাচাই করে নেওয়া হয়। একেই ভূমি সাধনা বলে।

সেই জন্য বাউলরা বলে থাকেন —"ভক্ত বড় শক্ত কথা, গাছের ফল গাছে রইল বোঁটা পড়ল খসে।" তার কারণ হচ্ছে যে পিতৃবস্তু ধনভাণ্ডে থাকে, সেই ভাণ্ড থেকে পতন যদি না ঘটায় তাহলেই সাধনায় সফলতা আসে বুঝতে হবে। অষ্টদল, শতদল, দ্বাদশ দল, মণিপুর বিরজা, মূলাধার, অনাহত, স্বাধিষ্ঠান, ঈড়া, পিঙ্গলা, সুষুম্না এবং মহঃ, জন এই নাড়িরও সাধনা করেন যখন, তখন বহির্দৃষ্টি চলে গিয়ে আসে অন্তর্দৃষ্টি। অথবা বহির্মুখী মন অন্তর্মুখীন হয়ে সমাধিস্তরে উপনীত

হয়। তারপর বিরজার ভিতর দিয়ে চলে গিয়ে ব্রহ্মদর্শন এবং জ্যোতির্ময় বিশ্বের সঙ্গে মিলিত হয়। তখন জ্ঞানরূপ আহ্লাদিনী শক্তি হয়ে দেখা দেয়। তখন আত্মা ছয়টি পদ্মের মধ্যে বিচরণ করেন আর অন্তর জগতে প্রবেশ করে ছয় রিপুর সঙ্গ লাভ করেন এবং সকল রিপুকে বশীভূত করেন। ছয় রিপু যখন বশীভূত হয় তখন তিনি বিন্দুর সাধনায় মগ্ন হন। বিন্দু হচ্ছে ব্রহ্মশক্তি। বিন্দু থেকে উৎপত্তি এবং বিন্দুতেই লয়।

"বিন্দুর সন্ধান করেন যিনি, তিন লোকের ঠাকুর তিনি।"

নাভিপদ্ম, হৃদপদ্ম, কণ্ঠপদ্ম মূলাধার, অনাহত। এক একটি পদ্মের এক একটি নাম। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এই তিনজন তিনটি পদ্মে অবস্থিত। এতেই তাঁদের জন্ম। এ তিন নিয়ে স্বর্গ মর্ত্য, পাতাল সৃষ্টি হয়। তিনটি ভূমিতে তিনটি কর্ম। অর্থাৎ নাভিপদ্ম হৃদপদ্ম ও বিরজা। এ সবের মধ্যে বিচরণ করেন। ভিন্ন ভিন্ন মত ও ভিন্ন ভিন্ন পথ। কিন্তু বস্তু হচ্ছে এক। যেমন 'ওঁ'-কারের উপরে হয় ৺কার। এই বিন্দুকে ধরার জন্য মূলাধার চক্র হতে বেরিয়ে আসে ব্রহ্মতালুতে। সেই তালু ভেদ করে যান জ্ঞানমার্গে। জ্ঞানমার্গ ভেদ করে চলে যান ওঁ-কারের মধ্যে। সেখান থেকে যান চন্দ্রের কাছে এবং তাকেও ভেদ করে যান বিন্দুর কাছে। সেই জন্য এঁরা গান রচনা করেছেন—

"বৃন্দাবনে তিন ফুল ফুটিছে
নীল, শরৎ ও সাদা,
কোন ফুলে কৃষ্ণ আছে, কোন ফুলে শ্রীমতি রাধা॥
ফুলেতে রসিক মজেছে,
ফুলেতে জীব মজেছে,
ফুলের কথা বলতে গেলে "ক্ষ্যাপা তোর লাগবে ধাঁধা"॥

সেই এক ফুল ফুটে বার বৎসর পরে। সেই জন্য বাউলরা এক যুগ ধরে অপেক্ষা করেন এ ফুল পাওয়ার জন্য এবং মনে করেন ইহা এক অমূল্য রতন।

"প্রেম করা সই আমার হ'ল না।
পোড়া বিধি আমার বাদি হ'ল
কৃষ্ণ প্রেম হতে দিল না॥
কৃষ্ণ প্রেম সুধা সিন্ধু,
কল্লোলের এক বিন্দু,
সেই বিন্দুর এক বিন্দু পেলাম না॥
একবিন্দু পেলে পরে
যেত মনের বাসনা॥"

আবার যেমন প্রতিপদের চন্দ্র ক্ষণিকের জন্য উঠে আবার ক্ষণিক পরেই অদৃশ্য হয়ে যায়। কেউ বা দেখে কেউ বা দেখে না। এই চন্দ্র থেকে বিন্দুর সাধনা আবাব বিন্দু থেকে চন্দ্রের সাধনা। এই চন্দ্রই হচ্ছে আধার বিন্দু। চন্দ্রের আধার হচ্ছে ওঁ-কার। সুতরাং ওঁকারের সাধনার জন্য সব যোগীদেরই ব্রহ্মের মধ্যে ডুবে যেতে হয়। সেই জন্যই বাউলরা সহজ সরল পথ বেছে নিয়েছেন। সেই পথটির নাম সঙ্গীত সাধনা।

সা-তে সারবস্তুব সাধনা। রে-তে রচনা, মা-তে মায়ের সাধনা। পা-তে পাওয়া। সুতরাং মা-য়ে সাধনা করলে যে বস্তু পাওয়া যায় সেই হচ্ছে সব ধনীর ধন।

ধা-তে ধারণা করে ব্রহ্মবস্তু, নি তে নির্মল আনন্দ এবং সা-তে সারবস্তু পেয়ে ব্রহ্মের সাধনায় মগ্ন হয়।

বাক্য ব্রহ্ম, গুরু ব্রহ্ম এবং তালু ব্রহ্ম এই তিন ব্রহ্মের যখন মিলন হয় তখন সে ব্রহ্মময়ী হন। এবং "এক ব্রহ্ম দ্বিতীয় নাস্তি" বুঝবার জ্ঞান জাগে। আমরা সকলেই ব্রহ্মের ক্ষীর সন্তান। সকলেই ব্রহ্মের মধ্যে মিশে আছি। যিনি ব্রহ্মজ্ঞান লাভ করেছেন তাকে আমরা অতিমানুষ বলি কিংবা অবতার রূপে (ভক্তি ও শ্রদ্ধা) জ্ঞান করি। প্রত্যেকের মধ্যেই ব্রহ্মশক্তি আছে। তাই আমাদের অনুভূতি (শক্তি), শৃংখলা, সুর, তাল ও বোধশক্তি আছে।

যেমন, মানুষ যদি বেতাল হয়ে এক সাথে দুটি পা-ই তুলে দেয় তাহলে সে পড়ে যাবে। আর তাল না হারায়ে তালে

তালে এক পা এক পা করে যদি হেঁটে চলেন, তা হলেই সাধনমার্গে পৌঁছা যায়। অথবা বে-সুরে যদি কেউ কথা বলে, গান করে, তাহলে মানুষের ক্রোধ এসে যায়। আর যদি সুমিষ্ট সুরে গান করেন, তবে মুহূর্তে নেচে উঠে শ্রোতাদের মন, আপন করে তোলেন সবাইকে। গানের মাধ্যমে যতটুকু মনের বেদনা জানানো যায় ও নয়নের জল ফেলে কাঁদা যায়, এরূপ আর কোন সাধনার মধ্যে দেখা যায় না। তাই বাউল সাধকরা সঙ্গীত সাধনাকেই তাঁদের সাধনার মূলমন্ত্র ধরে রেখেছেন।

মানুষরূপী ঠাকুরকে সহজ সরলভাবে কাছে টেনে আনা যায়। বসান যায়, বলা যায়, তার কথা শুনা যায় এবং নিজহাতে খাওয়ানো যায় তৃপ্তিভরে। কিন্তু মূর্তির ঠাকুরকে তো আর তা পারা যায় না। ও তো আমার দোষত্রুটি তুলে ধরতে পারে না। কিন্তু মানুষ দেবতা আমাকে দোষ করলে বলে দেয়, আর ভাল করলে আনন্দ পায়। ঠাকুর যদি আমার এতই আপন জন হয়ে থাকেন, তবে তাকে মন্দিরে বা গীর্জায় তুলে রাখব কেন, আর যিনি বিশ্বের সৃষ্টিকর্তা, পালনকর্তা এবং লয়কর্তা, তাঁকে কেন আমাকে ধরে ধরে খাওয়াতে হবে? তিনি হবেন আমার অতি নিকটতম আপন মানুষ। সেই জ্যোতির্ময় চিন্ময় ও সচ্চিদানন্দ পুরুষকে দূরে ঠেলে রাখা যায় না। সেইজন্য বাউলরা তাঁকে মনের মানুষ বলে থাকেন। তাঁর নিকট আল্লা হরি দুই সমান। এঁদের কাছে কোন জাতিভেদ বা বর্ণভেদ নাই। এঁরা শুধু জানে এক পুরুষ আর প্রকৃতি দুটি জাত। রামও যা রহিমও তা। দুইটিই হচ্ছে মানুষের নাম।

মুসলিম ধর্মে দীক্ষিত লালন ফকির বলেছেন –

"একদিন না দেখিলাম তারে।
আমার বাড়ীর কাছে আরসি নগর
সে এক পরমে বিরাজ করে" ॥
এক দিন না দেখিলাম তারে…।

তিনি আরও বলেছেন—

"লালন কি জাত চিনলি না মন,
শুধু জাতের বড়াই কর।"

ইসলাম ধর্মের সংগে এনাদের সাধনার সাথে কিছুটা মিল আছে। এঁরা করেন নিরাকারের সাধনা। কোন আকার নাই। বাউলরা বলেন—"আলোকে আসেন আর আলোকে যান। আলোকের মানুষ আছে বাউল কথা কয়। মহাপুরুষগণ নিরাকার বস্তুকে সাকার রূপে দেখতে পান।

বাউল গান গাইতে গাইতে লীলা সম্বরণ করে থাকেন। মরে গেছে বলে না। বলে পালা শেষ। নশ্বর দেহটাকে সমাধি দেন। মুসলিমরাও গোর দেন। খ্রীষ্টান ধর্মেও তাই। তবে এই তিনটি শব-দেহ রক্ষার নীতি তিন ধরনের। তাঁরা নশ্বর দেহটাকে পুড়িয়ে দেন না। কিন্তু সকলেই চলেছেন ঠিক একই অমৃতের সন্ধানে। যেমন নদীর উৎপত্তি হয় পাহাড়ের বারিধারা থেকে। বিভিন্ন নাম ধরে ও ভিন্ন ভিন্ন পথ ধরে বেয়ে চলে যায় সাগর সঙ্গমে। যখন বিশাল জল সমুদ্রে গিয়ে মিশে যায়, তখন আর নিজ রূপ বা সত্তা থাকে না। সাধকদের সাধনার পথও তদরূপ।

যখন ব্রহ্মজ্ঞান লাভ করেন এবং অনন্ত জ্ঞান-ভাণ্ডারের দ্বার খুলে যায়। তখন তাঁর নিকট কোন ভেদাভেদ জ্ঞান থাকে না। সর্বত্রই ভগবান। সর্বঘটেই ভগবান বিরাজ করছেন তা উপলব্ধি করেন। তখনই সাধকের "সমাধি" হয়। এই 'সমাধিই হচ্ছে সাধনার শেষ স্তর। এখানেই পাওয়া যায় মানব জীবন থেকে মুক্তি।

পূর্বেই বলা হয়েছে বাউল দুই জাতের। উদাসী ও গৃহী। উদাসী বাউল সাধনা থেকে গৃহী বাউলদের সাধন ভজন একটু তফাৎ। কিন্তু মূল সাধনার উদ্দেশ্য এক এবং প্রতীক হচ্ছে সঙ্গীত। এরা গৃহে থাকেন। কিন্তু সনাতন ধর্মের পুরা রীতিনীতি মেনে চলেন না। এদের কিছুটা বৈষ্ণব বাউলদের সাথে তুলনা করা যায়।

এরা ছোট্ট করে একটি আখড়া তৈরী করেন। দেখতে অনেকটা আটচালার মত। চারিদিকে ফুল ও ফলগাছে ঘেরা থাকে।

সদাই শান্তি ও এক পরম আনন্দ বিরাজ করে। সেই শান্তি ও পরম আনন্দ লাভ করার জন্য লোকে আখড়ায় যান এবং যতক্ষণ থাকতে পারেন, ততক্ষণই সকল বাধা থেকে মুক্ত থাকেন ও পরম আনন্দ লাভ করে থাকেন। এঁদের ঝোলা, মালা, কৌপীন, হাতে একতারা, পায়ে নপুর ও গায়ে বড় আলখাল্লা সব কিছুই ব্যবহার করেন। এনারা নায়িকা নিয়ে নায়িকা সাধনা করেন।

প্রতি বছরে পৌষ সংক্রান্তির পর্বের সময় জয়দেবের মেলায় বৈরাগীদের মেলা বসে থাকে।

পুরানো বট বা অশ্বত্থ গাছের তলা আউল বাউলদের আগমনে মুখর হয়ে উঠে। সবাই আসেন হাতে একতারা নিয়ে। এ মেলাই হচ্ছে তাদের মিলিত স্থান। প্রত্যেকেই প্রত্যেকের সাথে মিলিত হন প্রতি বৎসর একবার করে এই মেলায়। সন্ধ্যায় কেনা কাটা বন্ধ হয়ে যায়। শীতের হিমেল হাওয়ায় কোলাহল শান্ত করে দেয়। তখন অশ্বত্থতলায় সেই প্রান্ত থেকে ভেসে আসে দোতারার গুঞ্জন আর বাউলদের উদাত্ত কণ্ঠের গান। সন্ধ্যে থেকে শেষ রাত পর্যন্ত চলে বাউলদের একতারার ধ্বনি এবং প্রভাতী সুরের গান।

এখানেই জয়দেবের পীঠস্থান। এখানেই তিনি সিদ্ধিলাভ করেছিলেন। গীতগোবিন্দ লিখেছিলেন, "স্মরগরল খণ্ডনং মম শিরসি মণ্ডনং দেহি পদ পল্লব মুদারম্।" এখানেই জয়দেব ও পদ্মাবতী একই পাতে প্রসাদ পেয়েছিলেন। এ ভূমি সিদ্ধ ভূমি। তাই সকলে এই মৃত্তিকা গায়ে মাখার জন্য ও মাধুকরী করার জন্য এখানে বৎসরে একবার মিলিত হন। এরই পাশে বিল্বমঙ্গলের জন্মভূমি। তিনিও এক সিদ্ধপুরুষ। জয়দেব কেন্দুলি থেকে কিছু দূরে। এখানে বাউল, বৈষ্ণব, সাধক সবাই আসেন এই পূণ্য ভূমি দর্শনলাভে। বীরভূম জেলায় বিভিন্ন স্থানে মেলা বসে থাকে। শীতের সময়টাই যেন বেশী।

দুবরাজপুরের বারোয়ারী উৎসবেও মেলা বসে। ওখান থেকে আরো খানিকটা পথ এগোলে সিউড়ির কাছে বাউল সেদর গোঁসাই-এর আখড়া। এখানে বৈষ্ণব বাউলরাই সমবেত হয় বেশী। এরাও

দেব-দেবীর প্রতিমা মানে না। বৈষ্ণব বাউলরা রাধাকৃষ্ণের গান বেঁধে ভজনা করে। আখড়ায় মহাপ্রভুর বিগ্রহ স্থাপন করে ভজনা করেন।

এইরূপ ভাবেই আখড়া ও মেলায় মিলন, গান, কীর্তন, গুরু ভজন ও সাধু দর্শন, হয়ে থাকে।

মেলা শেষে ফিরে যান নিজ নিজ আখড়ায়। অনেকে গুপী ভাবের সাধনা করেন। এনারা মনের মানুষ বলে না। প্রাণনাথ বলে থাকেন। মাঝে মাঝে বলে থাকেন জগৎপতি একজন, আমরা তাঁর প্রকৃতি। এইভাবে পুরুষ ও প্রকৃতির সাধনা করা হয়।

অনেক সময় এঁদেরকে রাধাকৃষ্ণের যুগল মূর্তির পূজা করতে দেখা যায়। লীলাতত্ত্ব, ভাবতত্ত্ব, ভক্তিমূলক, শিক্ষামূলক এবং কীর্তন এরা গেয়ে থাকেন। এদের মধ্যে অনেকে গৃহে থাকেন আবার অনেকে আখড়ায়ও থাকেন।

সংসারে থাকেন, সংসার যন্ত্রণায় অবগাহন করেন। কিন্তু এদের বেণী ভেজে না, এ এক বিচিত্র সাধনা, এ সাধনার জীবনে শত বন্ধনের মধ্যেও এরা মুক্ত, সংসারে 'অভাব অনটন দুঃখের মধ্যেই দিন রাত্রি কাটে তবুও তারা সাধন পথ থেকে সরে যান না। এ সাধনা চলতে থাকে যুগ যুগ ধরে ও পুরুষানুক্রমে। যদি বা কেহ সাধন পথ থেকে সরে যান, তাই বলছে--

যা গেছে তাই যাক্ না চলে।
যা আছে নেই সামূলে॥
বনমালি যতন করলে।
অভিষ্য ফলিবে ফল॥

যদি বাঁধ ভেঙ্গে যায় চেষ্টা করলেই আবার বাঁধ বাধানো যায়। ভক্তিলতা বীজ, এ নিঃস্ব হবার নয়।

আবার মাঝে মাঝে বলেন---

চল দেখি ভাই গৌরাঙ্গ টোলে।
আমরা পড়তে যাই সবাই মিলে॥
সেথা হয় হরিকথা ভগবৎগীতা,
প্রেমদাতা নিতাই বলে॥

গৌরের ও নিতাইয়ের ঘরে এঁরা পঞ্চতত্ত্বের পূজা দেন এবং পঞ্চরস পান করেন।

অনেক মহাপুরুষরা উপদেশ স্বরূপ বলে থাকেন—

সতের সঙ্গে করগা মিতালি।
ওরে ঘুচবে তোর মনের কালি॥
সৎ সঙ্গে যাবি, সুখে রবি
হেরিবে বনমালি॥
সতের সঙ্গে করগা মিতালি॥

এখানেও বলা হয়েছে—

গুরু ছেড়ে গোবিন্দ ভজে।
সে পাপী নরকে মজে॥

অর্থাৎ গুরুকেই গোবিন্দ মনে করে পূজা করতে হবে। গুরুই পথ প্রদর্শক, গুরুই পথ দেখিয়ে দেবেন। তাই ঘটা করে দুবেলা, মনোমন্দিরে পূজা করতে হয় না। তবে হ্যাঁ, দেহ মহামন্দিরকে জানতে, বুঝতে হলে বাইরের মনোমন্দিরেরও প্রয়োজন আছে। প্রতিদিন একটা নিয়ম মত পূজা করা যায় ও ডাকা যায়। সুতরাং বাইরের মনোমন্দির প্রতিষ্ঠা হলে হৃদয়ের মনোমন্দিরও প্রতিষ্ঠা হবে।

আবার বলে "ছাড় হে জপতপ, করহ আরপ, ঐক্যতা করিয়া মনে।" অর্থাৎ এক মনে এক ধ্যানে ঈশ্বরকে একবার ডাক। ভক্তি ও শ্রদ্ধভরে যদি ডাকা ও কাঁদা যায়, তাহলে আমার মনের মানুষ আপনিই দেখা দিবেন।

তাই "হরি বলে ডাকলে পরে হরি কি আসে?"
হরি আমার প্রেমের প্রেমিক বড় প্রেম ভালবাসে॥
কৃষ্ণপ্রেমের প্রেমিক যারা,
নিতে হবে তাঁদের ধারা।
'অনন্ত তুই হলি সারা,
পার দিয়ে তুষে।'

যদি কেহ ভুল পথ ধরে চলেন বা সৎগুরুর কৃপা না পেয়ে থাকেন, তা হলে তার তুষের পার দেওয়ার মতই সার হবে সাধন পথ। সুতরাং যে গুরু মনের অন্ধকার দূর করে আলোর মধ্যে প্রবেশ পথ দেখিয়ে দিতে পারেন। সেই হচ্ছে প্রকৃত গুরু এবং সেই গুরুর সঙ্গলাভ করলে মানব জনম সফল হবে।

"গুরুর্ব্রহ্মা, গুরুর্বিষ্ণু গুরুর্দেব মহেশ্বর।
গুরুরেব পরমব্রহ্ম তস্মৈ শ্রীগুরুবে নমঃ॥"

এঁরা গুরুসেবা ও জীবসেবা করেন। কারণ এ জীবই শিব হতে পারে। এ জীব তটস্থ জীব। এ জীবভাণ্ডে থাকে, এঁদের অনুভূতি শক্তি আছে। এঁদের মধ্যেই অনন্ত জ্ঞান লুক্কায়িত থাকে। আবার এঁরাই ব্রহ্মজ্ঞানী হন। তাই মানুষ হচ্ছে সৃষ্টির সেরা জীব। মানুষকে অবতার বলা যায়। মানুষেই শ্রীহরি বর্তমান।

গৃহী বাউলরা আখড়াতেই গুরু ভজন করে। গুরুর রূপ দেখতে পান। তাই আখড়া হচ্ছে এঁদের একটি গণ্ডি। এই গণ্ডিতেই এরা বাস করেন। কিন্তু এখানে সংসার মায়ায় বাঁধা পড়ে যান না। এখানে একটি গানে উল্লেখ আছে—

"কে বানালে এমন ঘর,
ধন্য কারিকর॥
বোঝাই কারিকুরীর বলিহারী,
বল সেই মিস্ত্রীর কোথায় ঘর॥
এই ঘর মাপতে হয় চোদ্দ পোয়া।
চোদ্দ ভুবন তার ভিতর॥

সারা পৃথিবীতে ঘুরে বেড়ালে যা পাওয়া যায় না। তা এই কুঁড়ে ঘরেই পাওয়া যায়।

আবার গুরুরা বলেছেন—

"কোথায় পাবিরে বিশেষের কাছে সামান্য আছে।
অধরা মনুষ্য যায় না ধরা
ও তার করম দেখে নাও বেছে॥

তোর ঘরের ভিতর আছেন মানিক,

কোথায় পাবি সমুদ্র ছিঁচে"

কোথায়·· ···সামান্য আছে ॥

*　　*　　*

ডুব ডুব ডুব রূপসাগরে আমার মন ।

তলাতল ডুবলে পরে পাবিরে প্রেম রত্নধন ॥

আরও বলেছেন —

কাঁচা ঘরে ইঁদুর ঢুকেছে ।

সেই ইঁদুর কত মাটি কুরেছে ॥

নাই রে আলো চির কালো

কেবল অন্ধকারে ঘিরেছে ।

ও তোর কাঁচা ঘরে ইঁদুর ঢুকেছে ॥

গুরু বলেন নিজের ঘরের খবর নে ।

তোর ঘরেই গুরু প্রদত্ত ধন আছে ॥

সেইজন্যই বাউলরা দেহতত্ত্বের গান গায়। প্রতিটি গানেই রয়েছে গূঢ় তত্ত্ব। তাদের গানেই প্রকাশিত হয় সাধনতত্ত্বের কথা। সংসারে থেকেও সংসারের উর্ধ্বে থাকার সাধনাই ধ্বনিত হয় এর মধ্যে।

পাঠক ও শ্রোতাদের সুবিধার্থে কয়েকখানা গভীর তত্ত্বমূলক গান দেওয়া হ'লো।

॥ ১ ॥

আমার যেমন বেণী তেমনি রবে

চুল ভিজাব না।

জলে নামবো জল ছড়াব

জল তো ছোঁব না ॥

ইধারো উধারো সাঁতারো পাথারো
করি আনাগোনা।
জলে ডুব দিব কারুরই কথা শুনব না
ভুখ লাগাবো ভুখে মরব না॥
রাঁধিব বাড়িব ব্যঞ্জন বাড়িব
তবুও আমি হাড়ি ছোঁব না।
গোঁসাই রসরাজ বলে
শুনগো নাগরী,
ও রূপের যাই বলিহারি,
আমি হব না সতী না হব অসতী
তবু পতি আমি ছাড়ব না।
যেমন বেণী তেমনি রবে
চুল ভিজাব না॥

॥ ২ ॥

ভাল করে পড়গে ইস্কুলে
নইলে কষ্ট পাবে শেষকালে॥
সদর স্কুল জেলা নদীয়া
হেড মাষ্টার দয়াল নিতাই
যেচে প্রেম বিলায়।
ও তার অধম ছাত্র জগাই মাধাই
তাদেরকে পাশ করালে॥
সেই ইস্কুলে দুষ্ট ছাত্র আছে ছয়জনা,
বারে বারে নিষেধ করি কথা শুনে না,

তাদের বলি ভূত হলে পরে
প্রথম ভাগ যাবি ভুলে ॥
ভাল করে পড়গে ইস্কুলে ॥
সেই ইস্কুলের নতুন পোষাক ভাই,
তাতে পয়সা কড়ি কিছুই খরচ নাই,
তাতে চাইনা চাদর ছাতা ছড়ি
ডোর কপিন মালা গলে ॥
ভাল করে পড়গে ইস্কুলে ॥
সেই ইস্কুলে সভ্য বলি তায়
প্রধান ছাত্র রূপ সনাতন
রামানন্দ রায়।
তারা নবদ্বীপে পাশ করিয়ে
বৃন্দাবন গেল চলে ॥
আমার গোঁসাই ক্ষেপাচান্দ বলে,
জ্ঞানং জনঃ দিয়ে পড়, মন সাধুর স্কুলে,
অজামিল বৈকুণ্ঠে গেল
একবার নারায়ণ বলে।
ভাল করে পড়গে সেই ইস্কুলে ॥

॥ ৩ ॥

গোলেমালে গোলে মালে
পিরীত ক'র না।
পিরীতি কাঁঠালের আঠা লাগলে পরে ছাড়বে না ॥
গোলেমালে.....পিরীত ক'র না ॥
এক পিরীতে শিব শ্মশানবাসী
আর এক পিরীতে গোরা হ'লো
নদের নিমাই সন্ন্যাসী ॥

গীত গোবিন্দ পদ্মাবতী এরাই কেবল কয়জনা ॥
গোলেমালে·····পিরীত ক'র না ॥
পিরীতি যুগ ডুমূরের ফুল
কিন্তু ভাই আলোক লতার মূল,
পিরীতি সন্ধান না জানতে পারলে
জীবের পক্ষে ভুল,
যেমন চিটে গুড়ে পিঁপড়ে পড়লে
পিঁপড়ে নড়তে চড়তে পারে না ॥
গোলেমালে·····পিরীত ক'র না ॥
একজন ব্রাহ্মণের ছেলে,
সেত এমনি বিট্‌কেলে,
পিরীত করে ধোপার মেয়ের
পা ধুয়ে খেলে।
পিরীতি জাতের বিচার করতে গেলে,
মিলবে না চাঁদের কণা ॥
গোলেমালে·····পিরীত ক'র না ॥

॥ ৪ ॥

শুনগো আয়েন দাদা
তোমার শ্রীমতি রাধা,
জাত, কুল, মান আচার-বিচার
কিছু রাখবে না।
তুমি দাদা সাদা সিধে
বাথানেতে থাক সদাই,
কুলনাশিনী তোমার রাধা
গৃহে থাকে না ॥

নিত্য সে সাঁঝের বেলা
জল আনিবার করে ছলা,
চলে যায় সে কদমতলা,
কথা শুনে না ॥
মন মহেশ কয়—ও কুটিলে
বউকে ঘরে রাখতে হলে,
সাঁঝের বেলা জলের ঘাটে
যেতে দিও না ॥
শুনগো আয়েন দাদা
তোমার শ্রীমতী রাধা,
জাত-কুল মান আচার-বিচার
কিছু রাখবে না ॥

॥ ৫ ॥

মেনকা মাথায় দে লো ঘোমটা।
বেছে বেছে করলি জামাই
চিরকালের নেংটা লো নেংটা ॥
গড়িয়ে সোনার পুতুলি
বুড়ো বরে বিয়া দিলি,
রাস্তায় যেতে ঢলে পড়ে
বাতাসে তাঁর দন্ত নড়ে।
মেনকা সেজেছে ভালো,
যেমন হাতির গলায় ঘন্টা ॥
মেনকা.....দে লো ঘোমটা ॥

কটিতটে বাঘাম্বর
নির্গুণ বেটা গাঁজায় দেয় দম ॥
তার হাতে ত্রিশূল মাথায় জটা
ঠিক ভিখারীর ঢংটা ॥
শ্মশানে মশানে থাকে
ঐ তো ভূতের রাজা,
ভব পিতা ভেবে বলে,
মেনকা গেলি ভুলে,
দেখে সাদা পুড়া রংটা
ও রংটা ॥
মেনকা মাথায় দে লো ঘোমটা ॥

বাউল গান

॥ ১ ॥

আঁখি তুই দে ভাবনা ছেড়ে,
তোর প্রাণের নেয়ে যাচ্ছে বেয়ে, কিসের নেশায়।
তরী ডোবে তাও না ভাবে
হায় কি হবে হায় কি দায় ॥
গাঙ্গে উঠছে তুফান, যায় যদি জান
গুমানের পাল তবু উড়ায়, (ছেঁড়া গুমানের···উড়ায়)
ওরে হাসছে হাসি যাচ্ছে ভাসি
পারের দিকে ফিরে না চায়।
যখন হবে আন্ধার দেখবি না আর
এপার ওপার মাঝ দরিয়ায় ॥
শোন রে মন আছে উপায়
কোল আছে এক ভক্তির চড়ায়।
সেখানে বাঁধলে তরী শক্ত করি
ডোবে না কেউ ভবের মায়ায় ॥

॥ ২ ॥

আমার মায়ের সাথে দ্বন্দ্ব মহাঘোর।
ও সে সবার কথা শোনে
শুধু শোনে না কথা মোর ॥

ভাল ত বাসে না মোটে
আমি ঘুরে মরি পথে পথে।
ও সে ঘরে ঘরে অন্ন যোগায়
শুধু ঘরে অন্ন নাইক মোর ॥
মা যে আমার আঁধার কালো
এই জগতে বিলায় আলো।
তাই এত আলোর কাছে থেকেও
কাটে না মোর মায়ার ঘোর ॥

॥ ৩ ॥

ও ভাই এসো প্রেমের গাঁজা খাবে কে।
ধরবে নেশা ঘুচবে বাসা লহ কলকে।
আশ্রয় ধর্ম লহ কলকে ॥
রাগের খরশান দিয়ে, মধুর বাসর জল মিশায়ে,
গোপাল ভক্তি নিয়ে থুয়ে কাট রিপুকে ॥
নইলে কল্কে দিয়ে ঠিক্‌রে পড়ে যাবি ঠিকরে,
ঠিক জারা হইও না রে ভাই বলি তোমাকে ॥
সাপিখানি করে লয়ে, কলিকার তলে দিয়ে।
নিষ্ঠা দম রেখে গুরুপদে, প্রেমের গাঁজা খাও প্রিয়ে।
দীন পঞ্চানন এই কয়, প্রেমের গাঁজা যে জন খায়,
তার কি আবার নেশা হয়, প্রেমের গাঁজা ভিন্ন অন্য তামাকে

॥ ৪ ॥

নালিশ করবি মায়ের কাছে
সাক্ষী সাবুদ লাগবে না তোর
সবই জানা আছে ॥

দুটি নয়ন রবি শশী
জ্বলছে মায়ের দিবানিশি
দুষ্ট শমন করতে দমন
মায়ের আর এক নয়ন আছে

গুরু উকিল করে নিবি
নয়ন জলে কোর্ট ফী
যত রাজার রাজায় দিতে সাজা
শ্যামা বসে আছে ॥

॥ ৫ ॥

আচ্ছা এক রঙ্গভূমি এ সংসার।
ইহাতে দেখছি যত চমৎকার ॥
আজ রাজা জমিদার, কাল ভিক্ষাপাত্র সার।
এখন আনন্দ-উৎসব পরে হাহাকার ॥

আবার এই কান্না এই হাসি
লোকের তবু এত অহংকার ॥
এই যে সব দৃশ্য মনোহর, থাকবেনা দণ্ড দুই পর।
যত গীত বাদ্য রং তামাসা মুখের আড়ম্বর।
যখন সময় হবে সব ফুরাবে,
তখন দেখবে কেবল অন্ধকার ॥
পথিক কয় শোনরে আমার মন,
পেয়েছিলাম ভাল আয়োজন,

৬

যার ঘর তারেই দিলাম
আমি হইলাম ভিখারী।
ও তার রাঙ্গা পায়ে
শরণ নিলাম দেখি রাখে কিনা মোর হরি ॥
পঞ্চভূতে তৈরী এ ঘর
আছে নয় দ্বারে তার নয় দ্বারী।
তবু ছয় ইন্দুরে করল সারা
বল নারে মন কি করি।
আমায় বল নারে মন কি করি ॥
ঘরের মায়ায় বসে বসে
কাল হারালাম কপাল দোষে,
এবার সাঁঝের বেলায় পারে এসে,
পাই না খুঁজে কাণ্ডারী ॥

॥ ৭ ॥

বাঁশের দোলাতে উঠে কেহ বটে
শ্মশান ঘাটে যাচ্ছ চলে।
সঙ্গে সব কাঠে ভরা (হায় কি দশা)
সঙ্গে সব কাঠে ভরা, লট বহরা,
জাত বেহারার কাঁধে দোলে ॥
ওই শুন ঘরে পরে সবাই কাঁদে
ছেলেরা কাঁদে বাবা বলে।
কোথা সে সব মমতা (হায় রে দশা)
কোথা সে সব মমতা কওনা কথা
এখন কি তা ভুলে গেলে ॥
ঘুরে যে দিল্লী লাহোর ঢাকা শহর
টাকা মোহর নিয়ে এলে।
পেতে না পয়সা সিকি (হায় কি দশা)
পেতে না পয়সা সিকি কও হে দেখি
তার কিছু কি সঙ্গে নিলে ॥
রং বেরং শালের জোড়া গাড়ি ঘোড়া
চেন ঘড়ি সব কোথায় থুলে ॥
হবে যে এমন দশা (হায় কি দশা)
হবে যে এমন দশা, দশম দশা
জীবদ্দশায় ভূলে ছিলে ॥
শত্রুতা প্রকাশিতে যাদের সাথে
বলছে রে সেই সকলে।

বলছে ভাই ভালই হল (ঐ দেখ সব)
বলছে ভাই ভালই হল ; আপদ গেল
হাড় জুড়োল এত কালে ॥
খেদে দীন বাউল কয় এ সমুদয়
দেখে শুনে ও লোক সকলে।
একটি দিন এ ভাবনা (হায় কি দশা)
একটি দিন এ ভাবনা কেউ ভাবে না
বিষয় মদে মজে থাকে ॥

॥ ৮ ॥

কে আমায় ডাকে বিদেশী বন্ধু
মধুর ভাবে যেতে স্বদেশে।
আমার ধন মান পরিজন কাজ নাই গৃহবাসে ॥
আমি অভাগা দীন পরাধীন,
আমি রোগে শোকে পাপে তাপে
পিতা মাতা হীন।
কবে যাবে জ্বালা প্রাণ জুড়াবে
হৃদে পেয়ে প্রাণেশে ॥
আর কতদিন এই আঁধারে পড়ে,
থাকব বিদেশে একাকী
সেই মায়ের কোল ছেড়ে।
আর ফিরাব না পাষাণ মনে জননীরে নিরাশে ॥
এবার পাইলে সে হারান রতন,
রাখ্‌ব মনের সাধে হৃদে গেঁথে করিয়ে যতন।
সকল দুঃখ প্রেম বারি পরশে ॥

॥

বেচে থাকুক বিদ্যাসাগর চীরজীবি হয়ে।
সদরে হয়েছে রিপোর্ট বিধবাদের হবে বিয়ে॥
কবে হবে হেন দিন প্রকাশ হবে এ আইন,
জেলায় জেলায় থানায় থানায় বেরুবে হুকুম,
যতেক বিধবার বিয়ের লেগে-যাবে ধুম,
কে যাবে এদের হয়ে বরণডালা মাথায় লয়ে॥
কবিবর হেসে কয়, ঘুচিল নারীর ভয়,
সকলের হাতের খাড়ু হইল অক্ষয়,
সবে বলে বিদ্যাসাগর মহাশয়ের জয়।
দেখে শুনে মদন রাজা পলাইল ভয়ে॥

॥ ১০ ॥

ভাইরে ভাই কলির মানুষ চেনা ভার।
মানুষের উপর ভিতর দুই প্রকার॥
ট্যাঁকে ঘড়ী হাতে ছড়ী
ফুল বাবু সেজে, বাবু চল্লেন সমাজে (মরি হায়)
আবার সন্ধ্যা রেতে ছিটকে পালান
বাবুর কত পরিবার॥

ইংলিশ বুটে ইংলিশ কোটে
বিসকুটে রত বাবু ইংরাজের মত (মরি হায়)
পেটে পা দিয়ে টিপলে পরে
এ, বি, সি, ডি (ও ভোলা মন)
এ, বি, সি, ডি পাওয়া ভার ॥

১১ ॥

পুরাণে নবীন বিদ্যা হয়েছে আমার।
রাবণ উদ্ধবে কহে সমাচার ॥
দ্রৌপদী কাঁদিয়া বলে রাজা হনুমান।
কহ কহ কৃষ্ণকথা অমৃত সমান।
পরীক্ষিত কীচকেরে করিয়া সংহার
সিংহাসন অধিকার করিল লংকার।
জানকীর কথা শুনে হাসে দুর্য্যোধন,
সপ্তাহ মাঝেতে হবে তক্ষক দংশন,
শ্রীমন্ত করিয়া কোলে বেহুলা নাচুনী,
রথের তলায় ঐ দেখলো সজনী
পঞ্চানন বলে সত্যপীরের বারতা,
ব্যাধের রমণী আমি হব মোর সতা ॥

॥ ১২

হরিনামে খাসা গুড়ুক ভূড়ুক
টান দেখি মন দিবানিশি।
নেশায় গা মেতে যাবে
মজা পাবে মনে হবে খুশী
ভক্তি কল্কেতে সেজে টানলে তেজে
হয় রে মজা বেশী বেশী।
প্রবৃত্তির হুঁকো ধরে যতন করে,
দম লাগাও তায় বসি বসি

॥ ১৩ ॥

প্রেম কারে কয় আমি না জানি।
প্রেমের কথা কানে কেবল
শুনতে পাই গো লোক জবানি ॥
প্রেমের প্রেমী হয়গো যারা,
প্রেমের কথা কয় গো তারা,
সকলে তাদের নয়ন তারা করে কানাকানি ॥
তারা কথা কয় গো ঠারে ঠোরে,
আমি বুঝব বল কেমন করে,
প্রসব বেদনা বুঝতে পারে
বন্ধ্যা হয়ে কোন কামিনী ॥

যার অন্তর ধরাতলে প্রেমের ঢেউ কেবল খেলে,
মহাভাগ্যবান বলে তারে সদাই গণি।
যে জন হয় গো কৃপার ভাজন, তারি ভাগ্যে ঘটে এমন,
নৈলে তা নয় কদাচন্, দীন মিত্রের এই বাণী ॥

॥ ১৪ ॥

আমি অপরূপ রূপ সাগরের পারে।
ঐ ভুবন মোহন রূপে পাগল করেছে মোরে ॥
আমার মন মানে না, আমার প্রাণ মানে না,
আমি আর যাবনা, আর যাবনা, আর যাবনা ঘরে
আমি কাঙ্গাল বেশে ঘুরে দেশে দেশে,
আমি প্রেম নগরে শেষে এসে পেয়েছি তাহারে।
কেঁদে পথিক বলে ভেসে নয়ন জলে
আমি প্রাণনাথে রাখব ভরে প্রাণের মাঝারে ॥

॥ ১৫ ॥

বল কোথায় হরি আছে।
ও সে দেখা দেয়না কথা কয়না
তার কথা কেন বল মিছে ॥
হরি মুর্ত্তি কি আকৃতি,
কোথা ঘর তার কোথা বসতি,
আমি কি রূপেতে ভক্তি করে
যাব বল হরির কাছে ॥

দয়াল হরির ঠিকানা যে আজ কেউ বলেনা
আমি কি রূপে তার করি সাধনা,
যাই বল তারি কাছে ॥

॥ ১৬ ॥

সময় থাকতে হওরে সাবধান।
শেষকালে তুই পারবি নে রে
মানবে না আর কোন বাঁধন ॥
কাম শক্তি করবে তুফান,
তার জন্য তুই হবি অজ্ঞান
সময় চলিয়া গেলে
ফিরবে না সে আর কখন ॥
পড়শি কেউ থাকবে না তোর কাছে,
সবই চলিয়া যাবে শেষে,
বাড়বে আরো ভীষণ জ্বালা।
রসিক বলে মনরে পাগল,
একে একে হবে বিকল,
শেষে অতল জলে ডুববে তরী
মানবে না আর কাছির বাঁধন

॥ ১৭ ॥

এ দেহ তরণী আমার ন'টী ছিদ্র তায়।
ভবের সঙ্গে তুফান ভারী পাখনা দিয়ে যায় ॥

গোঁয়ার দাঁড়ী ছ'জন আছে,
দিক্‌বিদিক্ নাই তাদের কাছে,
মাঝ গাঙেতে ডুবায় পাছে মরি ভাবনায় ॥
মন মাঝি তার দুচোখ কাণা,
হাল ফিরাতে সে জানে না,
সুপথ কুপথ নাইকো জানা—দাঁড়ীর সঙ্গে বায় ॥
গুরুভক্তিরূপ পাল ছিঁড়ে ফেল্লে, মন মাতালে,
ক্রোধ ভাঙ্গালে ভক্তির হালে ভাসি নিরাশ্রয় ॥
দয়া ধর্ম্ম দু' দাঁড় ছিল সংশয় কেটে ফেলিল,
লোভে সে পাড়ি দিল, মোহে ম'ল চড়ায় ॥
বাস করে সে রসের খেলা, সংকোচে তার সদাই দোলা,
এবার ভুবন ভেলা তরে তরী যদি হরি বলে রসনায় ॥

॥ ১৮

খাঁচার ভিতর অচিন পাখী
কেমনে আসে যায়।
ধরতে পারলে মনোবেড়ী
দিতাম পাখীর পায় ॥
আট কুঠুরী নয় দরজা,
চুনে চুনে ঝলকা কাটা,
তার উপর সদর কোঠা,
আয়না মহল তায় ॥

মন তুই রলিরে খাঁচার আশে,
কোন দিন পড়বে খুলে,
কয় লালন খাঁচা খাসা
ও মানুষ কোনখানে পালায় ॥

১৯

রংমহল লুঠ করে ভাই ছয়জনে।
ও মন থেক তুমি সাবধানে ॥
ভক্তি কপাট এঁটে দিয়ে, মুলধন রাখ গোপনে।
ছয় চোরেতে যুক্তি করে বেড়ায় ধনের সন্ধানে ॥
অবকাশে রাখিবে ধন, কেহ যেন না জানে।
কেহ নহে মিত্র সবাই শত্রু
লুঠ যে পেলে পতনে ॥
রবিসুত কলীভূত ঐ দুজনে।
গাঁটকাটা এ দুটা তোমায় ধরিয়ে দেবে শমনে ॥
সামাল সামাল সকল বামাল
রাখবে অতি যতনে।
শুন মন সকল ধন রাখ হরির চরণে ॥

২০ ॥

মন পাখী আমার বশ'ত হ'লোনা হ'লোনা।
আমি রাধাকৃষ্ণ বলিতে বলি, সে বুলি তো বলে না

আছে রিপু ছয় পক্ষ হ'লো তাদেরি পক্ষ,
সর্বদা বিপক্ষ আমার হয়না সপক্ষ।
আমি বলি আমার আমার, সে ত আমার বলেনা॥
থাকে খাঁচাতে পাখী, কাটে খাঁচার শিক পাকি,
কোন সময় পলাইবে দিয়ে যে ফাঁকি।
আমি চাল ছোলা খাওয়াতাম কত,
আপন করতে পারলাম না॥
কহে দীন পঞ্চানন পাখীর বিষয় বলে মন,
কোন সময়ে পালাইবে চিন্তা সর্বক্ষণ,
হরিনাম কাঁপে বক্ষ মাঝে মোহ পেলে ভোলেনা॥

॥ ২১ ॥

মন মাঝিরে নাওখানি বাইও তুমি সাবধানে।
যেদিক পানেই যাওনা কেন ভাটিতে কি উজানে॥
সংসার নদীর বাঁকে স্রোতের পাকে যমদূতেরা দেয় হানা।
থাকে আড়াল ঢাকা যায়না দেখা, যেন ভূতের কারখানা।
তারা সুযোগ পেলে থাবা মেলে, তলিয়ে নে যায় একটানে॥
একে ভগ্ন তরী, পালের দড়ি, বন্ধু, তেমন শক্ত নয়,
তাতে যত ওছা বাজে বোঝা হচ্ছে বোঝাই সব সময়,
(ভাবি) দমকা হাওয়ায় কখন ডোবায়, ভরা নদীর মাঝখানে॥
নায়ের ছ'জন দাঁড়ী বুঝতে নারি কখন তাদের কোন মতি,
নাও চলবে নাকো যতই হাঁকো, বিনে তাদের সম্মতি,
(জেনো) তারাই সদা দিচ্ছে বাধা পরম গুরুর সন্ধানে॥

॥ ২২ ॥

মনে না বিবেক এলে, ভেক লইলে
কেবল রে তোর বিড়ম্বনা।
মনে তোর টাকা কড়ি কোঠা বাড়ী
কিসে হবে সেই ভাবনা॥
বাহিরে তিলক ঝোলা, জপের মালা
দেখেত ভাই সে ভুলবে না।
বাহিরে নেড়া মাথা ছেড়া কাঁথা
মনের মধ্যে কুবাসনা॥
তাইত মাগীর দ্বারে ভিক্ষা করে
বেড়াও, আসল ঠিক থাকে না
কাঙ্গাল কয় কুবাসনা মনের মধ্যে
থাকলে না হয় উপাসনা।
যদি বৈরাগী হতে ইচ্ছা,
তবে ছাই কর ভাই কুবাসনা॥

২৩ ॥

ভাব মন দিবানিশি সত্য পথের সেই ভাবনা।
যে পথে চোর ডাকাতে কোন মতে,
ছোঁবে না ভাই সোনদানা॥

সেই পথে মন চলরে পাগল
ছেড়ে দে রে সব ছলনা।
সংসারের বাঁকা পথে দিনে রেতে
চোর ডাকাতে দেয় যাতনা॥
দেখ আবার ছয়টি চোরে ঘুরে ফিরে,
লয়রে কেড়ে সব সাধনা।
কখন ঝড় বাতাসে উড়ে এসে,
জুড়ে বসে মোর ভাবনা॥
পরানে সয় এত কি ঘোর পাতকী,
সহে না যে যম যাতনা।
ফিকির চাঁদ ফকির কয় তাইত কি করি ভাই
মিছামিছি পর ভাবনা।
চল যাই সত্য পথে কোন মতে
এ যাতনা আর রবে না॥

॥ ২৪ ॥

এ ভব সাগর রে আমি কেমনে পাড়ি দিব রে
দিবা নিশি কান্দিরে আমি নদীর কুলে বইয়া।
নদীর কুলে বইয়া॥
ভাইরে ভাই লাভ করিতে এলাম ভবে,
ষোল আনা লইয়া রে ভাই ষোল আনা লইয়া।
আমার সমস্ত ধন লুইটা নিল ডাকাত সুযোগ পাইয়া
তারা আগে গেল বাইয়া—
ঠেকিলাম আমি বালুর চরে ভাঙ্গা তরী লইয়া॥

॥ ২৫ ॥

ঘরের মধ্যে ঘর বেঁধেছি মন-মতি মনোহরা।
জায়গা হয় না ঘরের মধ্যে, থাকে না ঘর ছাড়া॥
মুলুক জোড়া ঘর বেঁধেছে গো ঘরামি এক ছোঁড়া।
বাহান্ন গলি তিপ্পান্ন বাজার গো ঘরের মধ্যে পোরা
মটকা বেচে মহাজনে নামটি যে তার অধরা।
ঘরে কে বা ঘুমায় কেবা জাগে গো
ঘরে কে দিবে পাহারা॥
তিনজনা তিন তারে ঘোড়ে পবন আছে গো খাড়া।
কেশব চাঁদ দরবেশে বলে ঘরে বাস করা হল সারা॥

॥ ২৬ ॥

এত লোক পেরিয়ে গেল ভাঙ্গা তরী কেউ বলে না।
কোনখানে ভেঙ্গেছে তরী কাণা চোখে দেখতে পাও না॥
তোমরা হে গোপের বালা, এলে তোমরা সাঁঝের বেলা।
সাঁঝের বেলা ঘাটে এসে বড়াই করতে আর হবে না॥
আমার নাম কালাচাঁদ মাঝি, আমি সকল ঘাটে বাই যে তরী,
আমার মত মাঝিগিরি কেউ জানেনা এ ভূতলে।
আমার মনের এই বাসনা আমি সকলের নেই আনা আনা,
শ্রীমতীর ঐ কর্ণের সোনা খুলে দিয়ে পা তোল না॥
এত লোক পেরিয়ে গেল ভাঙ্গা তরী কেউ বলে না।
আমায় ডেকে বলছ কালা এই রূপ আমার চিরকাল
যার নয়নে লাগে ভাল সেই তো বলে কেলেসোনা॥

॥ ২৭ ॥

শ্যাম তোমারে ভুইলাছে, ফাঁকি দিয়া চইলা গেছে। (রাধে)।
কোন রঙ্গিনীর কুঞ্জে গিয়া, তোমায় ভুইলা রইয়াছে ॥
রাধে, শ্যাম যদি তোর আপন হইত,
তবে কি রাই, তোরে ভুইলা দূরে রইত,
ও তুই আপন হাতে প্রাণ সঁপিলি,
তরে কইবার কী আছে ॥
একে ত কালার জ্বালা
তাতে কেমনে হেরিবি লো সই
এই বাসী মালা।
ও মালা ভাসাইয়া দেওনা জলে গিয়া,
রাধিকার কি লাজ আছে ॥

॥ ২৮ ॥

গুরুর চরণ পাবো বলে মনে বড় আশা ছিল।
আশা নদীর তীরে বসে আশায় আশায় জনম গেল ॥
আশা বৃক্ষ রোপণ করে, বসে আছি বৃক্ষ মূলে, ফল পাবো বলে
ফল না ফলিতে বৃক্ষ ডাল ভাঙ্গিয়া পড়িল, মনে বড় আশা ছিল
চাতক থাকে বারির আশে, মেঘ বরিষণ হয় অন্য দেশে,
চাতক বাঁচে কিসে ?
এখন আশা নদীর তীরে বসে আমার আশায় জনম গেল ॥

॥ ২৯ ॥

চল ভাই আর দেরী নাই ঐ টিকিটের ঘণ্টা হ'ল।
ত্বরায় যাই ষ্টেশনে দেখে শুনে তলপী তোল॥
প্যাসেঞ্জার যাচ্ছে কত বলছে টাইম হল।
হুড়্ হুড়্ হুড়্ আসছে গাড়ী হুড়োহুড়ি লাগল ভাল॥
ঝোলা ব্যাগে যাচ্ছে বেগে যারা আগে টিকিট পেল।
কেউ বা যেতে টিকিট বিনে পুলিশম্যান চালান দিল॥
কত জন করছে রোদন হে গোবিন্দ একি হল।
কি দিয়ে করবো টিকিট হায় কে পকেট কেটে নিল॥
দীন দুঃখী দেখে টিকিট মাষ্টার যার উপরে সদয় হ'ল।
বিনামূল্যে আনায়াসে পাস পেয়ে সে পালিয়ে গেল॥
দীন বাউল ঐ সামলে দিল, তাই সকলে টিকিট্ পেল।
হরি হরি কয় সকলে, চারিদিকে অলরাইট হ'ল॥

॥ ৩০ ॥

ভব পারে কে যাবি রে আয়।
ঐ দেখ নিতাই মাঝি ডেকে যায়॥
হরি হরি বোল, বেলা গেল চলে,
পারে যাবি বলে,
ভবের হরিনাম তরি, ধরেন আপনি
খেপান গৌর নিতাই কাণ্ডারী।

তাতে রাধা নামের গুণ বেঁধেছে
তার ভক্তি পেলে যায় চলে
হরি হরি বোল।
আছে নানা অঙ্গ, তুমি ছাড় রে কুসঙ্গ
কর গৌর সঙ্গ।
ও তুই অনায়াসে পারে যাবি অন্তে॥

॥ ৩১ ॥

তরু বলরে বল, ও তরু বলরে বল।
কে তোরে সাজাল, দিয়ে পত্র পুষ্প ফল॥
ছিলি এক কণার মত, হলি তায় হস্ত শত,
কাণ্ড প্রকাণ্ড কত কার কত কৌশল॥
কেন দেখতে পাইরে প্রভাত হলে,
ধরা ভেসে যায় তোর নয়ন জলে,
না জেনে লোকে বলে শিশির পরা জল॥
বলবে তোরে পত্রে পত্রে, কি লিখিল ছত্রে ছত্রে,
এক সত্য, জগৎ মিথ্যে মোহময় সকল॥

॥ ৩২

ভক্ত হওয়া মুখের কথা নয়।
ভক্ত হতে যার ইচ্ছা
তার আগে শক্ত হইতে হয়

শক্তি হইলে প্রকাশ,
সেই শক্তিতে হয় প্রবৃত্তি বিনাশ
মান অপমান বলিদান দিয়ে
কর রিপু জয় ॥
রিপু হলে জয়, জ্ঞানের বৃদ্ধি
তখন অনায়াসে হবে ভূতশুদ্ধি।
সিদ্ধি হয় তখন, নইলে মন
অ আ ই ঈ করতে হয় ॥

৩৩ ॥

কালারে, তোরে এত ডেকে হলেম সারা।
তবু না দিলি দেখা, পরাণ সখা
ভাঙ্গলি না মোর ভাবের কারা ॥
আমি শুনতে না পাই ও ভাই কানাই
ডাকে কাতর প্রাণ যারা।
তোর অপরূপ বঙ্কিম রূপ
নয়ন ভরে হেরে তারা ॥
ও ভাই দেখা না পাই তায় ক্ষতি নাই,
আমি এই ভেবে জ্ঞান হারা।
লোকে বলবে এবার দারুণ নিঠুর
রাধারাণীর মন চোরা ॥

॥ ৩৪ ॥

গৌর আমায় ভবে কর পার।
আমি দুরাচার ভজন জানিনা তোমার॥
গৌর তোমার নামের বলে সলিলে ভাসে শিলা,
সেই বলে দিয়েছি সাঁতার॥
আমি অকুলে ডুবে ম'লে হবে কলংক তোমার॥
ভবকুলে অকুল তরী, তাহে আমার জীর্ণ তরী,
কি হবে ভাবি অনিবার।
আমি যেদিকে প্রসারি আঁখি দেখি সে দিক অন্ধকার॥
পুরানে ত শুনেছি আমি পতিতের বন্ধু তুমি,
অজামিল করেছ উদ্ধার॥
গঙ্গাধরের এই বাসনা, ভবে যেন আর আসিনা,
যন্ত্রণা সয় না বারে বার।
আমি মরি যেন হরি বলে গো,
জনম হয় না যেন আর॥

॥ ৩৫ ॥

এ জীবনে নাইরে আশা কর শ্রীগুরু চরণ ভরসা।
দেহের গৌরব মিছে, নিশ্বাসের কি বিশ্বাস আছে,
কাল শমনে জাল পেতেছে, ভাঙ্গবে রে তোর সুখের বাসা॥
ভাই বন্ধু-দারা-সুত, কেবল পথের পরিচিত,
যখন প্রাণ হবে গত, কে তোরে করবে জিজ্ঞাসা॥

আপন আপন বল যারে, কেউ সঙ্গে যাবে নারে,
চারি জনাতে কাঁধে করে, নদীর কুলে দিবে বাসা ॥
গোঁসাই সদানন্দ বলে, গুরুর কৃপা না হ'লে,
গুরু ভজন হইল নারে, কেবল ভবে যাওয়া আসা ॥

॥ ৩৬ ॥

আজ মোরা জল ভরিতে
দেখে এলাম নবীন গোরা ।
সে তো হাসে কাঁদে নাচে গায়
থাকে সদা বাউল পারা ॥
কি বা তার অঙ্গভঙ্গী কি বা তার সঙ্গ,
কি বা তার রূপরঙ্গী ভাব নেহারা ।
সেতো গোপী ভাবে সদা মগ্ন
দশম দশায় মাতোয়ারা ॥
তিলেক নাহি বিচ্ছেদ, কখন হয় সন্ধি বিচ্ছেদ,
কখন কখন ছাড়ে বিধি বেদ সৃষ্টি ছাড়া ॥
আশানন্দ বলে, তারে ধরতে গেলে,
হ'তে হবে জ্যান্ত মরা ॥

॥ ৩৭ ॥

কাতরে এত তোরে ডেকে হ'লেম সারা ।
তবু না দিলি দেখা প্রাণ সখা
ভাঙ্গল না মোর জবর কারা ॥

আমি শুনতে ত পাই ও ভাই কানাই,
ডাকে কাতর প্রাণে যারা।
তোর অপরূপ বঙ্কিম রূপ
নয়ন ভরে হেরে তারা॥
ও ভাই দেখা না পাই তায় ক্ষতি নাই,
আমি এই ভেবে হই জ্ঞানহারা।
লোকে বলবে এবার দারুণ নিঠুর
রাধার মন চোরা॥

॥ ৩৮

এযে এক রসিক পাগল, বাধালে গোল, নদের মাঝে
দেখসে তোরা।
পাগলের সঙ্গে যাব পাগল হব, হেরব রসের নব গোরা॥
নিতাই পাগল, গৌর পাগল চৈতন্য পাগলের গোড়া।
ব্রহ্মা পাগল বিষ্ণু পাগল আর এক পাগল না দেয় ধরা॥
কৈলাসের শিব পাগল, খেয়ে পাগল, সার করেছে ভাং ধুতুরা।
গুমান পাগল জোসেন পাগল, আর এক পাগল না দেয় ধরা॥
তারা তিন পাগলে যুক্তি করে, সঞ্চয় করলে নমাজ পড়া,
যত সব বৈরাগী বৈষ্ণব ভেক নিয়ে নাম বাড়াল বাউল নেড়া।
গোঁসাই গোবিন্দের বচন পাবি চরণ জ্যান্ত মরা॥

॥ ৩৯ ॥

আদর পেয়ে ওরে ভোলা
বেজায় ফুলে গেলি।
অহংকারের মাতলামিতে
তোর ভরে গেল ঝুলি ॥
মদমত্ত হাতীর মত, বন জঙ্গল ভাঙ্গলি কত,
হলি তুই পরাভুত
কাদা মেখে দিন খোয়ালী ॥
কত কাণ্ড করলি এসে, কাঁদবি যে তুই অবশেষে,
একটু চিন্তা কররে বসে, এমন-সোনার দেশে জন্ম নিলি ॥
ভবা পাগলা আদর পেয়ে, ফেলেছে পথ হারিয়ে,
কে দেবে মোর পথ দেখিয়ে।
মনের ব্যথা কারে বলি ॥

॥ ৪০ ॥

ডাক দেখি মন হরি বলে।
পেয়েছ মানব জনম ও খ্যাপা মন,
বলবি কি নাম সময় গেলে ॥
ভাই বন্ধু দারা সুত, কেহ নয় বশীভূত,
ভাসিয়ে যাবি রবি সুত ধরবে যখন চুলে ॥

তারা তখন থাকবে কোথা,
কে বা মা তোর কে বা পিতা—
শোনরে মন আমার কথা,
বদ্ধ হোসনে মায়াজালে।
ব্যাধিতে ধরবে জ্বরা, ছাড়লে প্রাণ বলবে মরা,
পরিবার ছাড়বে তোরে ভেসে নয়ন জলে
যত দেখ বন্ধু ভাই, এরা মিলে মিশে সবাই,
এ দেহ করবে ছাই পোড়াবে তোমায় অনলে ॥

॥ ৪১ ॥

এই ভবের মুখে ছাই।
হেথায় পরমার্থ ব্রহ্ম ভক্তি ভুলে
কেবল নিজ স্বার্থ কি দিন কিবা রাত্র,
ওগো—মানুষে খুঁজছে ভাই ॥
ওগো—মুখে লোকে বলে ভাই,
মনে প্রেম বিন্দু নাই,
এরা ধর্মে কর্মে দিল ছাই,
হায়রে এ ভবের বলিহারী যাই ॥
হরিনাম ত্যজ্য ক'রে,
মর কেন ঘুরে ঘুরে,
বলরে বল হরে রাম হরে হরে
ওরে এই নামেতেই মুক্তি পাই ॥

॥ ৪২ ॥

বিবেক ইণ্টার ক্লাসে চড়েরে মন
চল দেখি যাই বৃন্দাবন।
কর ভক্তি টিকিট লাইন ধরে
প্রেম লাইট গুরুর চরণ॥
যদি করবি ব্রজে বাস,
কর সেকেণ্ড ক্লাসের পাস,
সেকেণ্ড হয়ে চরণ ধরে,
হওগো গুরুর দাস।
হলে নিষ্ঠারতি অপ্রকৃতি
পাবে সে নন্দের নন্দন॥
যদি যাবি বৃন্দাবনে,
আয় বলি কথা গোপনে,
সন্ধি জেনে ধরনা আগে, বৃন্দের চরণে,
বৃন্দে বৃন্দাবনের সন্ধি জানে,
চিনে সেই রাধারমণ॥
তোর দেহ-গাড়িতে বসো নির্জন,
কামরাতে একমনে হরি কথা কও ষোল জন,
আছে সোজা লাইন সব
লাইট গ্রীণ, ড্রাইভারি শেখ এখন॥

॥ ৪৩ ॥

সুজন বন্ধুরে—

দেখছনি ভাই বানাইছে কি কারখানা।
এযে নড়ে চড়ে, বাইরে ঘরে,
হাত পা আছে চারখানা ॥
কালা ধলা চামড়া দিয়ে
ছাউনি আগাগোড়া,
গাঁথুনী তার শক্ত হাতের
গিঁটে গিঁট জোড়া,
এ কারখানার পায়না খবর
চোখ দুটো হায় যার কাণা
রঙ বেরঙের কত জিনিষ
কারখানাতে তৈয়ার হয়,
নানা ভাবের নানা মাপের
কেবা তাহার হিসাব লয়,
চৌদ্দ আনা তৈরী মালের
মোটেই সরেশ মার্কানা ॥
মন-মালিকের হুকুম মত
দিবারাত্র চলছে কল,
চলছে কভু পুরাদমে
কখন বা হয় বিকল,
একেবারে থামবে কখন
খবর আছে কার জানা ॥

॥ ৪৪ ॥

রাত বিরেতে পাবি খোলা দুনিয়ার পান্থশালা।
ঘাসের গালিচা পাতা, চাঁদ সুরজের আলো জ্বালা॥
দিনে রাতে বারো মাসে,
কত মানুষ যায় বা আসে,
কারো মেয়াদ মাসেক, কারো একদিনেতেই সাঙ্গ পালা
কেহ হাসে কেহ খেলে,
কেহ চোখের অশ্রু ফেলে,
কারো পাতে মাছের মুড়ো কারো নুন ভাতের থালা॥
থাকা খাওয়ার পাবি আরাম,
মোটেই তার লাগবে না দাম,
গুরুজীর নিস যদি নাম, যদি হোস গুরুর চেলা॥

॥ ৪৫ ॥

বন্ধু তোর বাঁশের বাঁশি নয় মোটে সরল।
বাঁশের কি বিষের বাঁশি, সুরে তার বিষম গরল॥
এত নারী আছে ব্রজে,
তবু বাঁশি কেন মোরেই খোঁজে,
রাধা রাধা বলে বাজে করে যে পাগল।

বন্ধু তোর কুটিল বাঁশি, মোর মরমে গেল পশি
আমার কুলমান গেল ভাসি মন গেল রসাতল ॥
দারুণ ঐ বাঁশীর টানে,
প্রাণ বুঝি আর রয়না প্রাণে,
অভাগীর মরণ আনে কদমেরই তল ॥

॥ ৪৬

দেখে যা নদের ঘাটে মহাভাবের ইষ্টিমার
গোরাচাঁদ তার সারেঙ রে ভাই
হাল ধরে সে করছে পার ॥
দেশবিদেশে খবর রটে,
হরিদাস কেরানী বটে,
দিনে রেতে যাচ্ছে খেটে
দয়াল নিতাই টিকিট মাষ্টার ॥
পাপী তাপী নাই ভেদাভেদ,
কারুরই নয় প্রবেশ নিষেধ,
জগাই মাধাই'র ঘুচলো রে খেদ,
যেচে হল প্যাসেঞ্জার ॥
ঐ জাহাজের আওয়াজ পেয়ে,
রূপ-সনাতন এসে ধেয়ে,
দুভাই দুখান টিকিট কেটে
রইল ভুলে ঘর সংসার ॥

নয়রে বাকী, নয়রে আগাম,
মুখে যদি নাও হরিনাম,
কিনতে টিকিট লাগেনা দাম,
সারেঙ নেবে সকল ভার

॥ ৪৭

নবদ্বীপে এসেছে কে নিতাই কিশোর
সঙ্গে নিমাই তার প্রাণের দোসর ॥
বিলাইলে নাম ফেরে অবিশ্রাম,
প্রতি ঘরে ঘরে না হয় কাতর ॥
তারা হরি হরি বলে নাচে বাহু তুলে,
প্রেম অশ্রু গলে আনন্দেতে ভোর ॥
ভক্ত শ্রীনিবাস অদ্বৈত শ্রীনিবাস
করিতেছে তনু ধুলায় ধূসর।
হরি সংকীর্তনের ধ্বনি শুনে
সুরধনি উথলিয়ে এসে প্রবেশে নগর।

॥ ৪৮ ॥

কে যাবিরে ভবপারে আয় চলে আয়।
বেলা গেল বলে ঐ নিতাই মাঝি বেয়ে যায় ॥

সে যে এমনি তরীর গুণ
হালে ধরেছে যে ঘুণ,
ওরে তাই জোয়ার ভাটায় বাগ মানেনা
মাঝি ভেবে খুন,
যে তরী বাইতে হয়না চালাতে হয়না,
হরি বললে তরী আপনি ভব পারে যায়।
কে যাবিরে ভব পারে আয় চলে আয় ॥

॥ ৪৯ ॥

ও মধুর হরি নামের নাই তুলনা
সদাই হরি হরি বল।
ও নামে মহাপাপী তরে গেল,
ও নামে অন্ধ আতুর তরে গেল,
ও নামে মরা মানুষ বেঁচে গেল,
ভবে অপার নামের মহিমা,
সদাই হরি বল ॥
ও নামে অজামিল বৈকুণ্ঠে গেল,
তারে যমদূতে ছুঁতে না পেল,
সদা হরি হরি বল।
যদি বিষয়েতে সুগম হত,
তবে লালজি কি ফকিরি নিত,
(সদাই হরি বল) ॥

॥ ৫০ ॥

মন ছাড়রে অসার ভোগ বাসনা,
কর প্রেমতত্ত্ব সাধন।
স্বার্থ লোভে অন্ধ হয়ে কতকাল করিবে ভ্রমণ ॥
হৃদয় উন্মুক্ত করে আগে ভালবাস তারে,
যার প্রেম কোলে সুখে করিছ প্রাণ ধারণ ॥
পবিত্র প্রেম নয়নে দেখ নর নারীগণে,
সুমিষ্ট বচনে সবে কর প্রতি সম্বোধন।
জীবন মধুময় হবে, কঠোরতা দূরে যাবে,
উদার ভাবে দেখবে সবে আপনার হতে আপন
সংসারের সাধারণ প্রেম অমূল্য রতন,
করে যেই উপার্জন চির সুখী তার জীবন ॥

॥ ৫১ ॥

শ্যাম তুমি মানে মানে, নিজ স্থানে যাও ধীরে ধীরে।
প্যারী কবে না কথা, দারুণ ব্যথা, আবার এলে পায়ে পড়ে ॥
তুমি নিজে রাখাল নন্দের গোপাল
বেনু রাখ বনে বনে।
জান না নারীর বেদন, মধুসূদন
প্রভাতে জ্বালাও হে কেনে ॥

তুমি নিজে চাষা বুদ্ধি নাশা
ঘোল খেতে চাও মাখন ফেলে
মাথাটি মুড়িয়ে দেব, ঘোল ঢালিব
মুখ দেখাবে কেমন করে ॥
কালা আসবার আশে থাকলাম বসে,
আমরা সাথী সবাই মিলে।
জ্বালাই মোমের বাতি সারারাতি
প্রেম কালাচাঁদ আসবে বলে ॥

॥ ৫২ ॥

কোথা দীন দুঃখী তোরা, আয় রে ত্বরা
গৌরচাঁদের প্রেম বাজারে।
হরিনাম মধুপুরী (আয়রে তোরা)
হরিনাম মুধুপুরী মিঠাই পুরী
প্রেমের ঝুড়ি খেয়ে যারে
যত সব যাচ্ছে দুখো, প্রেমের ভূখো
নিতাই আমার যতন করে।
যে যত পাচ্ছে খেতে (দেখসে তোরা)
সে যত পাচ্ছে খেতে ইচ্ছা মতে,
ইচ্ছা পাতে ঝাঁকা ধরে ॥
দেখতে আনন্দ বাজার, হাজার হাজার
লোক ধেয়েছে নদে পুরে ;
গেল সব মনের দ্বন্দ্ব পুর্ণদাস ঘর বাহিরে।
আনন্দে মত্ত কিবা (দেখসে তোরা)
আনন্দে মত্ত দিবা হায় কি শোভা,
দীন বাউলের হৃদ মাঝারে ॥

॥ ৫৩ ॥

কার ভাবে নদে এসে কাঙ্গাল বেশে হরি হয়ে বলছ হরি।
কার ভাবে ধরছ ভবে, এমন স্বভাব তাও কিছু বুঝতে নারি ॥
কোথা সে তোর ধেনুর পাল, দ্বাদশ রাখাল,
কোথায় তোর নবীন বাছুরী।
এখন তোর মা যশোদা, রইল কোথা শূন্য করে ব্রজপুরী ॥
কোথা তোর সখী সখা, সেই বিশাখা কোথা তোর রাই কিশোরী।
এখন কোথায় রে তোর কুঞ্জমামা শিকে তোলা,
কোথায় রে কদমঞ্জরী।
কার ভাবে মুড়িয়ে মাথা, ছেড়া কাঁথা ন'দে হলি দণ্ডধারী।
এবার কাঙ্গাল অটল বলে রামচন্দ্রের যুগল চরণ সাধন করি ॥

॥ ৫৪ ॥

যার জন্যে পাগল হয়ে বেড়াস বনে সে যে তোর ঘরের কোণে
তারে আদর করে আপন ঘরে ডেকে নেরে সযতনে ॥
এনে হিয়া মাঝে হিয়া পরে বসায়ে রাখ প্রেম যতনে।
সে যে রত্নখনি হীরা মাণিক বিলায় কত ভক্তজনে ॥
ওরে যে ধন লাগি সর্বত্যাগী গৌর নিতাই ভক্তজনে।
মহা মোহ বশে কর্মদোষে ছাড়ালে তায় অযতনে ॥
তারে দিবানিশি কাছে বসি চোখে দেখিস প্রেমনয়নে।
একবার চোখে চোখে দয়া হ'লে মিশে যাবে প্রাণে প্রাণে ॥

এখন হারানিধি পেয়ে যদি ভুলে থাকিস সব রতনে।
তবে আঁধার ঘরে লয়ে কারে সাধ মিটাবি প্রেম সাধনে॥
প্রেম দাসে বলে কালে কালে শান্তি নাই তার এ জীবনে।
ও সে রতন ফেলে করম ফলে জলে পুড়ে মরছে মনে॥

॥ ৫৫ ॥

মনের মানুষ খুঁজে বেড়াই
পাইনা তার অন্বেষণ।
মনের মানুষ বিনে রাত্র দিনে
আমার ঝরে দুনয়ন॥
মনের মানুষ যদি পাব হৃদকমলে বসাইব,
নয়ন জলে ধোয়াব চরণ।
ওগো প্রেম সুধা নিধি দিয়া (গো)
তারে করাব ভোজন॥

মনের মানুষ পাবার লাগি
শিব হয়েছে সর্বত্যাগী
করে সে শ্মশানে গমন (গো)
(ওগো) সে অধর ধরা যায় না ধরা,
তারে ধরেছে গোপীগণ॥

মনের মানুষ কোথায় পাব
পেলে মনের কথা কব,
জুড়াব তাপিত জীবন।
আমার দেহ আত্ম মনপ্রাণ (গো)
তারে করব সমর্পণ॥

মনের মানুষ শচীর গোরা
নদেতে পড়েছে ধরা
করে তার করঙ্গ ধারণ।
(ওগো) দ্বিজ গঙ্গাধর কয়
গুরুর পদে (গো)
যেন থাকে আমার মন ॥

॥ ৫৬

বাঁশের দোলাতে উঠে কেহে বটে
শ্মশান ঘাটে যাচ্ছ চলে ॥
সঙ্গে সব লট বেহারা কাঠে দড়া
সব বেহারার কাঁধে দুলে।
মাতিয়ে কি উৎসবে নিচ্ছ ডেকে
উচ্চ রবে হরি বলে ॥
(ও তোর) দাঁড়ে কাঁদে প'রে কাঁদে
ছেলে কাঁদে বাবা বলে।
শুধালে কওনা কথা এখন কি আর সেই মমতা
যাচ্ছ ভুলে ॥
(ও তোর) পিছনে কে বলছে,
আমায় রেখে যাও কি বলে।
হতে চায় সাথের সাথী ঐ যুবতী
ক্ষতি কি তায় সঙ্গে নিলে ॥
ভ্রমিয়ে ঢাকা শহর দিল্লী লাহোর
টাকা মোহর এনেছিলে।
খেলেনা পয়সা সিকি কওহে দেখি
তার কিছু কি সঙ্গে নিলে ॥

॥ ৫৭ ॥

মন ব্যাপারী তোমার মত দেখি নাই এমন বিদিশা।
তোমায় হঠাৎ লোকে দেখলে ভাববে করেছ কতই নেশা ॥
এই ভবের বাজারে কত রত্নাদি ধন
বিক্রি হচ্ছে মহাজনের ঘরে,
তুমি হবে জহুরী কাঁটা দাঁড়ির ফের বোঝনা
কেমন ব্যাপারী,
তুমি চোখে দেখে আপনি কোসে নিতেছ অচল পয়সা ॥
চেয়ে দেখে মন ব্যাপারী মূল ঘেটে যাও
যখন হিসাব দিয়ে বুঝবে
তখন খাবে কত নাক ঘষা ॥

॥ ৫৮ ॥

ভবের ব্যাপারী ভাই
আমি তোমারে শুধাই।
ওরে কি কিনিলে কি বেচিলে
হিসাব তার কি আছেরে নাই।
ওরে কি লালসে আদরে বসে
করিয়াছ কি কামাই।
ওরে চিটার দরে চিনি বেচ
কি লাভ হইল জানতে চাই ॥

ও তোর আসল গেল দেনা হইল
ঠেকলে কি বিষম দায়।
ও তুই কিবা জবাব মহাজনকে দিবি
তার কি ভাবনা নাই॥

॥ ৫৯ ॥

এ রাজ্যেতে গৌর আমার হলোনা বসতি।
আমার হলো যে দিনে ডাকাতি॥
নালিশ করলেম্ রাজ দরবারে পড়ে
তিন নম্বরের ফেরে, সুবিচার হলো না
গৌর আমার কপালের ফেরে
তিন নম্বরের ফেরে পড়ে আমার
প্রজাগণের এসব দুর্গতি
ঐ না ঘরের ঈশান কোণে
বস্তু আছে অদর্শনে,
মন জানে আর গৌর জানে অন্যে জানে না,
রূপের ঘরে আয়না দিয়ে
আমার আঁধার ঘরে জ্বলন্ত বাতি॥

॥ ৬০ ॥

ওরে ভাই কিসের লেগে, দিনে দিনে এমন হলে।
ওরে আর্য্যকুলে জনম লয়ে সকলই কি ভুলে গেলে?
কিসে যে ভাই এমন হল, বিদ্যাবুদ্ধি সকল গেল,
ওরে কপাল ভেঙ্গে এমন করে কি যে পেলে॥

ওরে ইন্দ্রিয় সেবাতে ভাইরে দিবানিশি মজে র'লে।
ওরে ভাই নাচে গানে থিয়েটারে কেমন এক মূর্ত্তি ধরে,
বেড়াও মিলে সবে পান চিবিয়ে দলে দলে,
ওরে দিনান্তরে দেশের দশা একবারও ভাই না ভাবিলে ॥
দেশী তাঁতি কর্মকারে অনাহারে ভাতে মরে,
তুমি বিদেশী বিলাসের খোঁজে কাল কাটালে,
ওরে দেশের ভালবাসা নাইরে জনমিয়ে আর্য্যকুলে ॥
তুমি ইংরেজী নভেল পড়ে বেড়াও সদা গর্ব করে,
ও ভাই আর্য্যঋষির গাথা যত জলে ফেলে,
এ ভাব দেখে তোমার ভাইরে আমরা ভাসি নয়ন জলে ॥

॥ ৬১ ॥

ভেবে মরি কি সম্পর্ক তোমার সনে।
তত্ত্ব তার না পাই বেদ পুরাণে ॥
তুমি জনক কি জননী, ভাই কি ভগিনী,
হৃদয় বন্ধু কিংবা পুত্র কন্যা,
তোমার এ নহে সম্ভব (হে), একি অসম্ভব
সম্পর্ক নাই তবু পর ভাবিলে (কিসের জন্যে)
ওহে শাস্ত্রে শুনতে পাই আজ সর্বঠাঁই,
কিন্তু আলাপ নাই আমার সনে ॥
তুমি হবে কারো আপনার, আপনার হতেও আপনার
আপনার না হলে মন কি টানে তোমার পানে ॥

॥ ৬২ ॥

তোমার মত কে আছে আর এ সংসারে।
করুণা কে আর করতে পারে॥
হয়ে জগতের জননী করুণা রূপিনী
আছ এই বিশ্ব কোলে করে॥
কিবা ধনে ধান্যে ভরা এই বসুন্ধরা
রেখেছ সাজায়ে জীবের তরে। (কত যতন করে) .
তুমি গৃহের দেবতা সকলেব বিধাতা,
আজ বিরাজিত ঘরে ঘরে॥
কিবা অপরূপ শোভা বালক বৃদ্ধ যুবা,
বেঁধেছ সকলে প্রেমের ডোরে॥ (তুমি মায়ের মত)
আমরা এই ভিক্ষা করি ওহে দয়াল হরি,
সুখে দুখে যেন পাই তোমারে।
তোমায় হৃদয়েতে রাখি, প্রাণ ভরে দেখি,
ডুবে থাকি তোমার রূপ সাগরে॥

॥ ৬৩ ॥

ও ভাই বলতে স্বরূপ কি অপরূপ
কোনখানে ফুল ফুটেছে।
আমার গোঁসাই বৃন্দাবনে লীলা করেছে

ওযে রাখাল বেশে গোষ্ঠে গিয়ে রয়েছে,
ও সেই ফুলের লাগি মহাযোগী সর্বত্যাগী হয়েছে ॥
ও সে নবদ্বীপে অবতীর্ণ হয়,
ফাল্গুনী পূর্ণিমাতিথি জন্মগ্রহণ লয়,
তাই নদে এসে কাল ঘুচে নিতাই গৌর হয়েছে ॥

॥ ৬৪ ॥

কৃষ্ণ প্রেমের মশারী, যতন করি
খাটাও রে মন দেহ ঘরে।
সামনে মশকের বাসা,
সব দুরাশা ভেঙ্গে যাবে,
একেবারে পেতে তুই ধর্মগদি
নিরবধি থাকরে শুয়ে মজা করে
পূণ্য বালিশে মাথা দিলে, ব্যথা থাকবে না
তোর ত্রি-সংসারে।
দেখবি তুই বসে মশা এসে
বেড়াবে চারিদিকে ঘুরে।
সাধ্য কি প্রবেশিতে, মশারিতে
আপশোষে পালাবে ফিরে ॥

॥ ৬৫ ॥

শুধু সময় কাটে ঘাটে পটে, ধর্ম হয়না ভাই।
তীর্থশ্রম মনের ভ্রম তাতে কিছুই নাই ॥

কেউ বা করে কালী কালী,
কেউ বা বলে বনমালী,
কেউ খাড়া কেউ ধরে ধুলো, তায় না মেলে ভাই ॥
কলিতীর্থ না জানিলে ফল হবে না ফুলে ফুলে,
প্রবৃত্তির নিবৃত্তি নইলে ছাই মাখিলে হবে ছাই ॥
কামনায় কামনা বৃদ্ধি, ত্যাগ বিনে নাই তত্ত্ব সিদ্ধি,
কার কার ফেরে বুদ্ধি দেখিবারে পাই।
ঘটে কিছু না থাকিলে ছোটে না চড় চাপড় দিলে
কথায় লোকে বলে, মুলে সুধা হলেও ক্ষুধা চাই ॥

৬৬ ॥

সংসারের উজান স্রোতে যাও বেয়ে।
ওরে ও ভাই ওরে ও ভাই, ও ভাই প্রেম রসিক নেয়ে ॥
চল কিনারা ঘেঁসে হাল ধর ঠেসে,
দেখ যেন উলটো স্রোতে যায় নাক ভেসে,
চালাও দিবানিশি জীবন তরী আর থেক না অলস হয়ে ॥
তুলে প্রেমের বাদাম বদনে বল হরিনাম,
আনন্দে খেপনী ফেলে চল অবিশ্রাম।
যখন ভক্তি জোয়ার আসবে বেগে
তখন সহজে যাবে লয়ে ॥
শোন শোন মন্ কুসঙ্গে করনা ভ্রমণ,
ভরাডুবি করে তারা করবে পলায়ন,
থেক সাধু মহাজনের সঙ্গে সদা অকপট হৃদয়ে ॥

॥ ৬৭ ॥

তোরা বনে করবি কি, মরি হায় রে,
আমি সংসারের সার ব্রহ্ম প্রেমহার হৃদে পরেছি।
আমি ব্রহ্ম প্রেমে পাগল হয়ে আপনারে হারায়েছি ॥
পাগলের মান অপমান বোধ আছে কি,
পাগলের জাতিভেদ জ্ঞান আছে কি,
আমি নিন্দা প্রসংশার ধার ধারি কি,
আমি ব্রহ্ম কৃপার অক্ষয় কবচ প্রাণে ধরেছি ॥

৬৮ ॥

শোন মনরে আমার কপাল মন্দ
পরকে মন্দ বলো না।
অযোধ্যাতে রাম রাজা হইবে,
সেই নামে সে বনে যাইবে,
জানকীর সঙ্গে করিয়ে
কপালে বিধি লিখিলে
তারে খণ্ডাইতে কেউ পারে না ॥
ধর্ম কার্য করে নল রাজা,
কপাল গুণে পেল সাজা,
বনে ভ্রমণ ক'রে মরে বলি তোমারে
তুমি কুভাবনা ভেবনা ॥

॥ ৬৯ ॥

মনরে দিনান্তরে গৌর বলে ডাকলে নারে।
চেয়ে দেখরে মন শমন এসে ঘেরলো তোরে ॥
গৌর তন্ত্রের নয় মন্ত্রের নয়,
বেদের নয় বিধির নয়,
যে জন তার জন্য মাতাল হয়,
নয়নে ধারা বয়, দয়াল তারে দয়া করে
গৌর ধনীর নয় মানীর নয়,
জ্ঞানীর নয় গুণীর নয়,
যেমন মদ খেয়ে মাতাল হয়,
তেমনি প্রায় হলে গৌর তাদের দয়া করে ॥

॥ ৭০ ॥

এতদিন কার বেগার দিলাম
এখন কি ধন নিয়ে যাই।
বসে রাত্র দিনে (মনে মনে) ভাবছি তাই ॥
এ দেহ পাতন হবে দেহের মালিক চলে যাবে,
উপায় কি হবে একে একে চলে যাবে
দেহের পঞ্চ ভাই ॥

ভেবে ভেবে হলেম সারা, ভজনহীনের কপাল পোড়া,
ডুবলো রে ভরা এ দেহ, পতন হলে পুড়ে করবে ছাই ॥
এসেছিলাম ভবের হাটে,
গেলাম ভূতের বেগার খেটে,
ছিলাম আমি কার মুটে,
ভব নদীর পার হইতে কিছু সম্বল নাই ॥

৭১

যার ফুল নকল করে গহনা গড়ে
দিচ্ছ রে মন কত বাহার।
তিনি যে জগৎগুরু, কল্পতরু
তারে ভোল একি ব্যাভার ॥
কখন হয়ে অন্ধ বল গুরুমারা বিদ্যা তোমার।
ওরে যার আকাশের রং দেখে,
রং করতে শেখে জগৎ সংসার ॥
আবার তার সং সাজিয়ে ঢং করিয়ে,
নাচাও তুমি কি অহংকার ॥
কাঙ্গাল কয় যাকে দেখে লোকে শিখে,
না করে যে নামটি তাহার।
ওরে তার পদে প্রণাম, নেমকহারাম।
তার মত কে আছে রে আর ॥

॥ ৭২

বল কি সন্ধানে যাই সেখানে
মনের মানুষ যেখানে।
আঁধার ঘরে জ্বলছে বাতি
দিবারাত্রি নাই সেখানে॥
যেতে পথে কাম নদীতে
পাড়ি দিতে ত্রিবেণী,
ভোলা মন মনরে আমার
কত সাধুর ভরা যাচ্ছে মারা
পড়ে নদীর ঘোর তুফানে॥
যত রসিক যারা পার হয় তারা
কাম নদীর ঐ ধারটি দিয়ে।
দেখ উজান নদী যাচ্ছে বেয়ে
যারা স্বরূপ সাধন জানে॥

৭৩

যদি এসে থাক হরি নিয়ে নামের তরী
আমারে নিও পার করিয়া
আমার নাই কোন সম্বল,
নাই কোন ভক্তি বল,
পড়েছি দুর্বল হইয়া॥

তরীর মধ্যে আছে গো যারা,
একটু বলে কয়ে দেখগো তোমরা,
আমায় নেয় যদি তরীতে তুলিয়া
কিনারা ধরি যাচ্ছে এ তরী,
আমি ওপার হতে ডেকে মরি,
আমায় তরীখানা দাও ধরাইয়া ॥
যদি না দাও তরী ধরাইয়া
আমি দাঁড় ধরে যাব ভাসিয়া।
রামকৃষ্ণ দাস বলে আমি অধম রইব পড়িয়া,
আমারে নিও পার করিয়া ॥

॥ ৭৪ ॥

এ ঘরখানায় কে বিরাজ করে।
আমি জন্‌মে দেখিলাম না তারে ॥
নড়ে চড়ে ঈশান কোণে
দেখতে পাইনে দুই নয়নে ॥
হাতের কাছে যার, ভবের হাট-বাজার,
হাত বাড়াইয়া ধরতে পাইনে তারে ॥
কৃষ্ণ বলে প্রাণপাখী, শুনে চুপে থাকি,
জল হুতাশন মাটি কৃপবন
কেউ বলেনা একটা নির্ণয় করে ॥
আপন ঘরের খবর হয়না,
বহ্নি-বারি-পরকে চেনা,
লালনের পর পরম ঈশ্বর
সে কেমন রূপে আসে কি রূপেরে ॥

৭৫

তপ জপ যাগ যজ্ঞ কার তরে মন উপবাস।
কার তরে তের পার্বন করিসরে তুই বারমাস॥
রুক্ষ চুলে রুক্ষ মাথে, লম্বা নখে উর্ধ্ব হাতে,
ধুনি জেলে বৃষকাষ্ঠে, গাছতলাতে করিস বাস।
কেন ধুনি জ্বেলে বৃষকাষ্ঠে গাছতলাতে করিস বাস॥
ছাই মেখে চিমটে কাঁধে, গাঁজা টেনে নেকড়া পিনে,
এমন শ্রী ছন্ন ছাঁদে পাবি কি তুই শ্রীনিবাস।
ভেবেছিস এমন শ্রী ছন্ন ছাঁদে পাবি কি তুই শ্রীনিবাস
তুমি মানুষের ছেলে সে মানুষ ভুলে গেলে
মানুষ কি মাটিতে মেলে রঙ দিয়ে করলে তরাস॥

॥ ৭৬ ॥

প্রেমিক লোকের স্বভাব স্বতন্তর।
ও তার থাকে না ভাই আত্মপর॥
প্রেম এমনি রত্নধন কিছু নাইক তার মতন,
ইন্দ্রপদকে তুচ্ছ করে প্রেমিক হয় যেজন,
ও সে হাস্যমুখে সদাই থাকে,
হৃদয় জুড়ে সুধাকর।

প্রেমিক চায় না কোন জাতি চায়না সুখ্যাতি,
ভাবে হৃদয় পূর্ণ হয়না,
ক্ষুণ্ণ, রটলে অখ্যাতি,
ও তার হস্তগত স্বর্গের চাবী
থাকবে কেন অন্য ডর ॥

॥ ৭৭

দেখনা মন ঝকমারি এ দুনিয়াদারী।
পরিয়ে কোপনী ধ্বজা কি মজা
উড়ালে ফকিরী ॥
বড় দরদের ভাই বন্ধু জনা
পরে সাথের সাথী কেউ হবে না,
মন তোমারি, আবার একা পথে খালি হাতে
বিদায় করে দেবে তোরে সেই দিনে,
তুমি যা কর তা কর রে মন,
কিন্তু শেষের কথা রেখ স্মরণ বরাবরি
ও তোর পিছে পিছে ফিরছে শমন,
ওরে কখন হাতে দেবে তুড়ি, মন তোমারে।
বড় আশায় বাসা এ ঘর
কোথায় পড়ে রবে
তোমার ঠিক নাই তারি।
সিরাজ সাঁই কয় লালন ভেড়ো
তুই করিসরে কার এন্তেজারি ॥

৭৮ ॥

দেখ না মন নেহার করে।
আছে এক বস্তু চাপা, রসে ঢাকা
রসিক জনার অন্তরে ॥
রসিকের পাগল দশা
দেখে জীবের নেক নজরে না ধরে।
তাতে রতি মাসা তফাৎ হলে ঠেলে দেয় দূরে
ওরে বেদ বিধি গড়ে রত্ন
সেদিন দেখিলাম সব তত্ত্ব করে।
আবার গ্রন্থকর্তা রাখলে কলম
সহজ লিখতে না পেরে ॥

॥ ৭৯

তোর মত মন বোকা চাষী
আর ত দেখি না।
তোর দেহ জমি রৈল পড়ে
আবাদ করলি না ॥
শমনের পেয়াদা এসে,
(যখন) করবে তশীল, ধরবে কেশে,
মালগুজারি করবি কিসে কিছু ভাবলি না ॥

থাকতে ঘরে ছটা এড়েঁ,
(তুই) করলিনা চাষ ওরে কুড়ে,
সামনে তোর পাচজনায় পরে তাও বুঝলিনা ॥
কি দশা হবে তোর শেষে,
তুই সর্বস্ব খুইয়া চাষে, কাল কাটালি বসে বসে
কথা শুনলি না ॥

৮০

আজব ইংরেজের মুলুক বিলাত সহর
ভাই এমন দেখি নাই আর দুনিয়ায় ।
চলে জলের তলে কলের গাড়ি
উপর দিয়ে জাহাজ যায় ॥
ওরে সাবাস মরি কারিকুরি
দেখে বিশ্বকর্মা লজ্জা পায় ।
কাচের ঘরে বিবি নাচে
সাহেবরা টপ্পা গায় ॥
কত বিদ্যাধরী আহা মরি
রঙ্গ দেখে মুর্ছা যায় ।
তথায় রাজা প্রজা সবাই সমান
হুজুর মজুর চেনা দায় ॥
তথায় ঠাকুর কুকুর ম্যাথর মুচি
এক টেবিলে খানা খায় ।
যে জন কালাপানি পার হয়ে যেতে পারে লোহার নায় ।
সেই গৌরাঙ্গের দেশে গিয়ে সে স্বশরীরে স্বর্গে যায় ॥

পথিক বলে কলির বৃষ রেখ তোমার রাঙ্গা পায়
নইলে ভাত খেগো বাঙ্গালী আমি
মারব তোমায় খুরের ঘায় ॥

॥ ৮১

ওরে অবোধ মন
আলুনা ডাল রাঁধবি কতক্ষণ।
ও তুই জনম ভোর ভাল রাঁধিবি
তবু ভুলে যাস তুই দিতে লবণ
গুরু লবণ ওজন করিয়া,
(মন) মুসুরী ডাল রাঁধবি গিয়া,
আবার গুরুমন্ত্র মশলা দিয়া
দিবি ডালের ফোড়ন ॥
ডাল রাঁধবার সন্ধান জান,
গুরুমন্ত্র মনে মনে বল
ডালগুলি সব জলে দিয়া,
পাপ কাষ্ঠে আগুন দিয়া,
ডাল কররে তুই দহন ॥

॥ ৮২ ॥

এখন আর ভাবলে কি হবে।
কৃতকর্মের লেখাপড়া আর কি করিবে ॥

তুষে যদি কেউ পারও দেয়,
তাতে কি চাল বাহির হয়,
বস্তুহীন ভাবে ॥
কর্পূর উড়ে যায়রে যেমন,
গোলমরিচ মিশায় তার কারণ,
মন হত যদি গোলমরিচ এমন,
তখন বস্তু কি আর উড়ে যাবে ॥
হাওয়ার চিড়ে কথার দধি,
ফলার দিচ্ছে নিরবধি,
লালন বলে তেমন প্রাপ্তি
কখন আর হবে ॥

। ৮৩ ॥

প্রেম প্রেম সবাই করে
আসল প্রেম তো কেউ জানে না।
কলির কালের বাবুরা সব
করছে প্রেমের উপাসনা ॥
প্রেমের বড়াই করে সবাই
প্রেমের মানে কেউ বোঝে না।
আর ভক্তি ভাবে ডুবে গিয়ে
রাধাকৃষ্ণ প্রেমে মন মজে না ॥
আসল প্রেম ধর্মে সেবায়
আর বিরহেতে ভরা।
বিরহ না এলে প্রাণে
প্রেমের স্বাদ মেলে না ॥

ও ভাই বাউল সেযে নেচে বলে,
প্রেমের স্বর্গ জানতে হলে,
জয় রাধে জয় রাধে বলে
মনে রাধা কৃষ্ণ জপনা ॥

॥ ৮৪ ॥

ডাকরে মন পতিতপাবন
দীন সখা দয়াল বলে।
দিনান্তে তারে একবারো তুই
ডাক নারে ভাই পরাণ খুলে ॥
শোকের তাপে রোগের জ্বালায়, হ'না কেন যতই জ্বালাতন
তারি মধ্যে একবার তুই হরি বলে ডাকরে মন।
সকল জ্বালা সকল শোকের, অন্ত হবে সে ভাব হলে ॥
এ সংসারই স্বর্গের সমান, স্বর্গসুখ তোর সংসারেই মেলে,
যে রূপে হয় তাই বলি মন
ডেকে নেরে দয়াল বলে ॥

৮৫

আমায় দাওহে বনমালী।
সাগর তরঙ্গে নাচিয়ে রঙ্গে
আপনারে দিচ্ছি ডালি ॥
কে জানি সে জলে দিল টান,
ঢেউয়ে চলে বিষাদ গান,
সঙ্গে সঙ্গে আকুল প্রাণ যাবে দূর দূর চলি

এখন আঁধারে পড়েছি ঢলি,
গিয়াছে সন্ধ্যা গিয়াছে সকাল,
গেছে আজ গেছে কাল
আমার হয়েছে শেষ হাল
আছে শুধু শেষ অবশেষ
ফিরে দাওহে প্রভু আমার বেশ
লওহে আমায় তুলি ॥



॥ ৮৬ ॥

যমুনা এই কি তুমি সেই যমুনা প্রবাহিনী।
ও যার বিমল তটে রূপের হাটে
বিকাতো নীলকান্ত মণি ॥
কোথা সে ব্রজের শোভা,
গোলক হতেও মনলোভা,
কোথা শ্রীদাম বলরাম
সুবল সুদাম।
কোথা সে সুনীল তনুর বেণু ধেণু
মা যশোদা আর রোহিণী ॥
কোথা নন্দ উপানন্দ,
মা যশোদার প্রাণ গোবিন্দ,
ধড়া চুড়া পরা কোথা ননীচোরা
কোথা সে বসন চুরি,
ব্রজনারীর পুজিতা মা কাত্যায়ণী ॥
কোথা চারু চন্দ্রাবলী, কোথা তার জলকেলী,
কোথা ললিতা সখী সুহাসিনী ॥

কোথা সেই বংশীধারী রাসবিহারী
বামেতে রাই বিনোদিনী।
কোথা সেই নুপুর ধ্বনি
মধুর হাসি মধুর বাঁশি নাহি শুনি।
যার মোহন স্বরে উজান ভরে মোহন তুমি আপনি॥
তোমারি তটে তটে, তোমারি মাঠে ঘাটে,
তোমারই সন্নিকটে কই সে ধনী।
ও যার মানের লাগি মোহন চূড়া লুটায় দিল ধরণী॥

॥ ৮৭

হরি নামের সারি গেয়ে চল বেয়ে।
শুনে বোম্বেটে যম পালিবে যাবে ভয় পেয়ে॥
রিপুর তুফানে কি ডর, পাকা মাঝি পীতাম্বর,
পাপীর ভরা পার করা তার পেশা নিরন্তর,
যদি ভক্তি দাঁড় ভাই টানতে পার,
তবে মুক্তির পুর যাই পার হয়ে॥
গাঙে মায়ার ঘুর্ণিপাক,
ও তায় ঘটায় ঘোর বিপাক,
লোভের বাঁকে কলুষ কুমীর থাকে লাখে লাখ,
কিন্তু অভয় পদে ঝিঁকে মেরে
মাঝি কাটিয়ে নে যায় পাশ দিয়ে॥
নামের পাল তুলে সুখে,
শান্তি বাতাসের মুখে,
মোহ দহ পারে যাব মনের কৌতুকে।

নাই শংকা যাব ডংকা মেরে
ও সেই কালের মুখে ছাই দিয়ে ॥
হ'ল ভবের হাট করা, পারে যাবি কে তোরা,
বেলা গেল সন্ধ্যা হ'লো আয় সবে ত্বরা,
ও ভাই এমন সুদিন আর পাবিনে
ভবের নেয়ে ডাকছে ছাখ চেয়ে

৮৮

(ভাই সব) দেখ চেয়ে বাজার ছেয়ে
আসছে যে মাল বিদেশ হতে।
আমাদের বেচা কেনা পাওনা দেনা
অভাব মোচন পরের হাতে ॥
আমাদের পিতল কাঁসা ছিল খাসা
কাজ চালাতেম কলার পাতে।
এখন এনামেলে মাথা খেলে,
কলাই করার ব্যবসাতে ॥
এখানে পরশ পাথর পায়না আদর
চটা উঠছে পেয়ালাতে।
যত ঠুন্‌কো পল্‌কা দরে হালকা
দ্বিগুণ মুল্যে পাল্টে নিতে ॥
ঘরে নাইক আহার বেশের বাহার
যাহার তাহার ঘাটে পথে।
হায়রে নিজের দেশে যায় না অভাব
অশন বসন সব বিলাতে ॥

ছেড়ে পরের ঠাকুর, ঘরের কুকুর
ইচ্ছা করে মাথায় নিতে।
বিশারদ ছাড়তে নারে, কেঁদে মরে
কার্য্য সারে কোন মতে॥

॥ ৮৯ ॥

ও রাধে গো, যেন কালার সাথে কোন মতে পিরীত ক'রো না।
ও কালা কদমতলায় বাজায় বাঁশি কারো মানা মানে না॥
শয়নে স্বপনে নিশি জাগরণে
আছে কালা তোমার মনে।
ওগো রাধে—মনের কালো মনেই রেখ, যেন মনের বাহির ক'রো না।
শ্যাম পিরিতের ভীষণ জ্বালা, সাবধানেতে পথ চলা,
দেখো যেন লোকে জানে না।
ঘাটের পথে ঘোমটা খুলে যমুনায় জল আনতে গেলে।
কালাচাঁদে দেখে যেন এসো না॥
কলির কবির অনুশোচনা, কৃষ্ণ প্রেমে মন মজে না,
লজ্জা ভয় মনের ঘৃণা তিন থাকিতে প্রেম হ'লোনা
ওরে মনে দৃঢ় সম কৃষ্ণ প্রেমে দাওরে মন
কৃষ্ণ বিনা কৃষ্ণনিশি ভোর হবে না॥

॥ ৯০

ধনে প্রাণে প্রজার মরণ।
একে তো রোগে জ্বরা ট্যাক্সে মরা
মামলায় সারা—সারা জীবন ॥
দেশে নাই লাঠালাঠি কাটাকাটি
চোর ডাকাতি আগের মতন।
শাসক জাত করেন গর্ব্ব তারাই সভ্য
তবু এমন পর্ব্ব কেন এখন ॥
কলিতে মা শংকা করে, পাছে ধরে,
জেলে পোরে চোরের মতন।
কিন্তু মা তোরে ভিন্ন কারে অন্য
বলব মোদের হিদের বেদন ॥
দিশী লুট্ গেছে উঠে, সত্য বটে
তার বদলে ইংলিশ ফ্যাসন।
অসাড়ে জোঁকের মতন, রক্ত শোষণ,
বিলিতি লুট চলছে এখন ॥
দিশী লুট চলত যখন ভুগত তখন
বড় জোর তার রাজা ক'জন।
বিলিতি জালের কাঁটি, কাতলা পুঁটি
সব বাধে নাই কারোর মোচন ॥
প্রধান লুট দমকা কলে যারে বলে
হোম বাজি আর কনট্রিবিউশন।
তাছাড়া যোজন জোড়া লম্বা তোড়া
সাহেব পাড়ার পেন্‌সন বেতন ॥

॥ ৯১ ॥

জীবন প্রদীপ জ্বলেছে বে ঘরে।
কোন দিন নিভে যাবে ফস্ করে ॥
(তখন) অন্ধকারে মহাঘোরে
বেড়াতে হবে ঘুরে ॥
নটা দ্বার ঐ রয়েছে খোলা,
সামাল সামাল জীবন প্রদীপ, সামাল এই বেলা,
আসবে যখন কালের ঝটকা
আটকাবি কি প্রকারে ॥
দুদিন বাদে দেখবিরে নিশ্চয়,
জীবন প্রদীপ নিবলে আঁধার হবে সমুদয়,
থাকতে আলো নে এই বেলা
নিজের আসল কাজ সেরে ॥

॥ ৯২ ॥

মন যদি তুই বাঁচাবি মাথা।
তবে শোন আমার কাজের কথা ॥
হরি নামের ছাতা মাথায় দিয়ে
যথা খুশী যাও তথা ॥

এ ছাতা তুই দিলে মস্তকে,
কিছুমাত্র পাপের রৌদ্র লাগবে না তোকে,
বেড়াবি তুই মনের সুখে
পাবি না কোন ব্যথা।
(কেন) থাকতে ঘরে এমন ছাতা
ভিজে মরিস সর্বদা ॥

৯৩

যে জন অন্ধরাগে সাধন করে সে চিনতে নারে।
ও সে রূপ হেরে নয়ন দিয়ে
বৈসে বৈসে রূপ নেহারে ॥
গুরুবাক্য ঐক্য করে, বসে আছে হৃদয় পুরে,
পরকাল মনেতে কৈরে।
সে যে সরল হয়ে বসে আছে
সদা চিন্তামণি চিন্তা করে ॥
সচৈতন্য মানুষ পেয়ে, সদাই আছে চেতন হয়ে,
স্বরূপে স্বরূপ মিশায়ে, ও তার মনের আঁধার ঘুচে গিয়ে,
ও তার জ্ঞানের বাতি জ্বলছে ঘরে ॥
মুকুন্দ কপাট খুলে, ছাড়ান দেয় না কাল বলে
বস্তু তার সহজে মিলে,
গোঁসাই কানাইচন্দ্র বলে, ও সে অধরাতে মেলে ॥

॥ ৯৪ ॥

সংসার জলে ভাসবে বলে দশ লোক ঘাটে।
মহাজনের নৌকা নিয়ে দশে তাতে ওঠে॥
সবাই তাতে সমান হয়ে দাঁড় ফেলতে চায়,
মাঝি বিনে মাঝতুফানে নৌকা ডুবে যায়,
তখন কেহ মাঝি হ'ল, কেহ হল দাঁড়ি
মিলে মিশে সবাই তখন সুখে দিল পাড়ি,
ইহা দেখি ফুটিল আঁখি, এখন দেখি চেয়ে।
ক্ষেত খামার নৌকা মোদের, মোরা ক্ষেতের নেয়ে।
রাজা মোদের মহাজন, নৌকা জমি তার,
রাজা তার দাঁড়ী আর মাঝি জমিদার,
দাঁড়ি মাঝি বিবাদ হ'লে নৌকা ডুবে যায়॥

। ৯৫

পায়ে ধরি বলি তোমায়।
হরি চিন্তা কর মন রে,
দিন ত বৃথা যায়॥
যখন যমে বাঁধবে রে কসে
তখন করবি কি উপায়।
বাদী মনরে আমার--
হা হুতাশে প্রাণ যে যাবে
তখন বলবি হায়রে হায়॥

কুচিন্তা কুভাবনা ভেবে
বসে রইলি কার আশায়।
পাষাণ মনরে আমার
একবার আঁখি মুদিয়া দেখ
তাতে কেমন দেখা যায়
উর্দ্ধ পদে হেট মুণ্ডে
ছিলে গর্ভ যন্ত্রণায়।
অজ্ঞান মনরে আমার—
ওরে সেখানে কি বলে এলে
এখন তা তোর মনে নাই॥

৯৬

গাঁটকাটা ছয় বেটা বড় বোম্‌বেটে।
ওদের লজ্জা নাইক মেয়াদ খেটে॥
মিষ্টি কথায় আগে ভুলায়
পরেতে ভাই সব লোটে।
ওদের কথায় ভুলিস নে মন
ভক্তি কপাট দে এঁটে॥
আপন বলে কথার ছলে
পথেতে দেয় গাঁট কেটে
চোখে ধূলা দিয়ে পালায়
নিমেষেতে যায় ছুটে॥

জারিজুরি চুরি সদাই
ওরা খেয়ে নায় পেটে।
যতই জমায় ততই চায়
কিছুতে কি খেদ মেটে॥

॥ ৯৭ ॥

ব্রহ্ম নামটি ধরে থাক পড়ে
দেখবিরে মন যাবি তরে।
তোর ঘরের মাঝে গুরু আছে
জেনেও কি মন জানলি নারে॥
মিছে ভ্রমে ভূলে মরছিস ঘুরে,
এ ভ্রান্তি কি যাবে নারে।
ব্রহ্ম পাবে বলে শাস্ত্র খুলে
কি দেখিস তুই তার ভিতরে॥
ব্রহ্ম শাস্ত্রে নাইরে বিচার করে দেখ,
আছেন হৃদ কুটিরে,
ব্রহ্ম নাম করে এ সংসারে
কত পাপী গেল তরে—
তাই ধৈর্য্য ধরে সাধন করে
চলে যাও যে ভবের পারে॥

॥ ৯৮ ॥

দেখ জহুরা নয়ন খুলে
ভগবান কি করে রে।
কেমন আজব গলি আজব নলী
আজব গড়ন গায়েরে ॥
ও মন জল থাকেরে নিম্ন ভূমে
কাষ্ঠ লোহা পাহাড়ে।
দেখ সেই তুজনেরে মন
নৌকা গড়ে সদাগরি করে রে ॥
দেখ ভারতের বরাত ঘাঠে মাঠে, ক্ষুধার বরাত পেটে,
দেখ সেই তুজনে পীড়িত গুণে কত বেগার খাটেরে ॥
ও মন সূর্য্য দেয় রে দিন করিয়ে
জোনাক দেয় চাঁদ,
বাতাস বয় মেঘ বরষে
জগৎ ভাসায় জলে রে ॥
(ও মন) শূন্যেতে বেড়ায় রে জল
মেঘ বিনা কে জানে রে,
ওরে এই জহুরা তুচ্ছ করি
কোন জহুয়া মনেরে ॥

॥ ৯৯ ॥

মন না হলে সোজা, ফকির সাজা,
কেবল রে ভাই বিড়ম্বনা।
ফকিরের সজ্জা ধরে নৃত্য করে,
করছ ধর্মের আলোচনা॥
তুমি যে আপন কাজে বেঠিক নিজে,
পরকে কি বুঝাও বলনা।
তুমি যে কত গান গাও, পরকে বুঝাও,
নিজে কেন তা বোঝনা॥
নিজে না বুঝলে পরে,
অন্য জনে বুঝবে কেন তা ভাবনা।
কাঙ্গাল কয় যুক্তি ধর, ভাল কর, ভাল হওরে সর্বজনা,
নিজে না ভাল হলে, পরকে ভাল করতে যাওয়া
তা হবে না॥

॥ ১০০ ॥

এসেছে এক নতুন মাতাল এই নদীয়ায়।
তোরা সব দেখ্‌সে রে আয়॥
ওসে ভাই হরিনামের সুধা পানে
হরি বলে জগৎ মাতায়॥
ও ভাই খায়না কো সে শুঁড়ির মদ
আপন মদ আপনি বানায়॥

ও সে মন ভাটিতে প্রেম গুড়েতে
নয়ন জলে সে মদ চুয়ায়।
নিতাই চাঁদ অদ্বৈত এরা সবায়
তারা যায় নাচে নাচে, আর যাচে
যাদিকে সম্মুখে পায়॥
সে মদ খেয়ে খেয়ে অসাড় হয়ে যখন পড়ে ভূমে লুটায়।
তখন রাধার নামে সুধা চাট মুখে দিয়ে আবার কাঁদায়॥
সে মদ খেলে পরে এক কালে
ইহার সাথে সবে জাত ভুলে যায়।
তখন কি বা ব্রাহ্মণ কি হাড়ি ডোম,
চণ্ডালাদি সবাই এক ঠাঁই,
সে মদ খেয়ে তারা চোখের তারা কপালে পাঠায়
ভাই, প্যারিমোহন বলে মোর কপালে
এক ফোঁটা না মিল্‌ল রে হায়॥

॥ ১০১

এই হরিনাম খাসা অম্বরি।
(ও মন) টান দেখি ধীরে ধীরে
নেশাতে গা উঠবে মেতে পাবিরে মজা তারি।
বসায়ে প্রবৃত্তি গুড়গুড়ি গড়গড়ায় টান রে তামাক
ভক্তি নল যুড়ি,
প্রেমের কলকে লাগিয়ে
তাতে দাওরে দম যতন করি॥

বিচার করে দেখ মনে মনে
এমন ধারা মিঠে কড়া আর ত পাবিনে,
এ তামাক তুই খেলে প'রে
একেবারে যাবি তরি ॥

। ১০২ ॥

ভুগছো মিছে পাপের বিকারে।
কোন দিনে অক্কা পাবি ফস্ করে ॥
ভাল দেখে চিকিৎসকে
এই বেলা ডাক চট করে।
ওরে ডেকে গুরু নেটিভ ডাক্তারে,
ঘণ্টায় ঘণ্টায় রোগের ওষুধ দাও যতন করে,
মন্ত্র করা মিক্সশ্চারে রোগ তিনদিনে যাবে সেরে ॥
মিছে কেন মরবি বেঘোরে
হরিনামের কুইনাইন তোর থাকতে যে ঘরে,
এমন ওষুধ আর পাবি না
ভেবে দেখ না অন্তরে ॥
দিবানিশি হচ্ছে মনে ভয়
হাতুড়েদের হাতে পাছে মারা যেতে হয়।
তারা শুনবে না ধর্ম্মের কাহিনী
পট করে দেবে মেরে ॥

॥ ১০৩ ॥

দেহের মাঝে কৃষ্ণপ্রেম ছবি।
যদি কৃতান্তে ফাঁকি দিবি ॥
কোন চিন্তা থাকবে না তোর
নিশ্চিন্তে কাল কাটাবি ॥
ছজন ডাকাত ফিরছে রে ঘুরে
ফাঁক পেলে তোরে ফাঁকি দিয়ে
টেনে নেবে দলে তোরে
(ভাই) এই বেলা সামাল
নৈলে হাতে নাতে ফল পাবি ॥
ঘ'রে হল পঞ্চ ভূতের বাস,
এরা ফিকিরে তোর করবে ফকির
ক'রে সর্ব্বনাশ,
(তুই) এ চাবি না দিলে ঘরে
আসল কর্ম্ম কাঁচাবি ॥

॥ ১০৪ ॥

কলি কালের আচার চমৎকার।
কোলে ঝোল মাখে সব আপনার ॥
জুয়াচুরী বাটপাড়ি ভিন্ন অন্য কথা নাই,
মনের কথা আর না পাই।
প্রবঞ্চনা প্রতারণার কথায় চলে এ সংসার

মদ্য মাংস খাদ্যে কিছু বিচার করে না,
কেউ কারো কথা শোনে না,
সবার ঘরে সদাই করে
কিছুতেই আর নাই বিচার ॥



॥ ১০৫ ॥

ভবের শোভা ফক্কিকার।
এ ভবের চটক ভারি
ভিতর ফোঁপরা নাইক সার ॥
তোমার বাড়ী গাড়ী ঘড়ি ছড়ি
সখের বস্তু কতই আর,
সে সব থাকবে পড়ে, রাখবে কেবা,
দেখবে কি আর বাহার তার ॥
তুমি যাদের জন্য খেটে খেটে
অস্থি চর্ম্ম কর সার।
বৃদ্ধ হলে মরবে জ্ব'লে
দেখবে তাদের ব্যবহার ॥
এ ভবে কত গেল, কেবা গোণে সংখ্যা তার,
জীবের জন্মে ঠিক, এ অলীক সংসারে সং সাজা সার।
আসবে কত যাবে কত এই এক খেলা চমৎকার ॥

॥ ১০৬ ॥

হরি বল, বলবি আর কোন কালে।
বাল্য আর যৌবন কাল
রসে রঙ্গে কাটালে ॥
বিষয় বাড়ী করে কেবল
গোঁপ দাড়ি সব পাকালে।
পরের জমি লয়ে তুমি
সকল লোককে ঠকালে ॥
নানা রকম ভেক ধরিয়ে
অনিত্য কাজ সাধিলে।
শিকড় মাকড় তুলিয়ে সব
টাকার পুঁটলি বাঁধিলে ॥
যত্ন করে অর্থ দিয়ে
পাপের ভরা কিনিলে ॥
নালা কাটিয়ে বনের জল সব
ঘরের ভিতর ভরিলে ॥
না জেনে তত্ত্ব, খুড়ে গর্ত্ত
কাল ভুজঙ্গ ধরিলে।
তুমি কাল বলে আপনার জালে
আপনি বদ্ধ হইলে।
সব বিপরীত ভরিয়ে হিত
বড়ই সুহৃত জোটালে ॥

॥ ১০৭ ॥

হরি হরি বলে ভাসাওরে তরণী।
ভবের হাটে এই হল বিকিকিনি॥
শ্রীগুরু কাণ্ডারী করি,
ভব নদী দাও পাড়ি।
তুমি এই কার্য্য করিও মাঝিরে
তোমার পরকালের ভাবনা কি।
ছয় জনে গুণ টেনে যায়,
মন মাঝি তার বৈঠা বায়,
রাধার নামে বাদাম দিওরে.
মাঝি শুকনায় ডোবে তরী॥
মন মাঝি তোর পায়ে ধরি
জলে ডুবাও না তরী,
তুমি এই কার্য্য করিও মাঝিরে
গঙ্গা জলে যেন ডোবে তরী

॥ ১০৮

হরি বল মন রসনা।
মানব জনম আর হবেনা
হরি বল মন রসনা॥

সাতানব্বই

জননী জঠরে যখন,
উর্দ্ধপদে ছিলে তখন,
বলে এলে করবে সাধন,
সেই কথা মনে পড়ে না ॥
যখন শমন আসবে হাতে,
কি করিবে মাতা পিতে,
হরি ভজ এক চিতে,
শমন তোমায় পাবে না ॥

॥ ১০৯ ॥

চল দেখি মন দুজনে যাই
হরি তল্লাসে।
সোজা পথে না গেলে মন
পস্তাবি শেষে ॥
সনাতনের এমন ধারা,
খুঁজে খুঁজে হবি সারা,
পথশ্রান্তে হলে আলা,
হরিনাম শেষে ॥
যদি এ পথ ধরতে পারো,
তবে ভয় করিসনে কারো,
শমন বেটা দমন কালে
ভাববে যে বসে ॥

দ্বিজ কেদার এই ভবে
মিছে মায়ার বশে,
কেনে হরিনামের ঝুলি
তাই নিয়ে সে বেড়ায় প্রবাসে ॥

॥ ১১০ ॥

বহুদিন পরে এসেছি
চিনিনাকো শ্বশুর বাড়ী।
কোন পথে যাইব মাগো
বিশ্বনাথ রায়ের বাড়ী ॥
যারা ছিল ছেলে পিলে,
তাদের হ'ল ছেলে,
বিয়ে করেই গেলেম ফেলে
রয়ে গেল বছর কুড়ি ॥
বাড়ী ঘর তার নাহি চিনি,
কেবল শ্বশুরের নামটি জানি,
উত্তরেতে বাগানখানি
সুপুরি গাছ সারি সারি ॥
বাড়ীর মধ্যে এক এক চালা
তারি মধ্যে হাঁড়ি কুঁড়ি,
বক্ষে নিয়ে ভিক্ষার ঝোলা
বেড়িয়ে বেড়ায় বাড়ী বাড়ী ॥

নিরানব্বই

দ্বিজ রাসবিহারী বলে
আর তো হাসি চাপতে নারি।
তুমি যাকে মা বলিলে
সে বটে তোমারি নারি ॥

॥ ১১১

হরিহে আপনি নাচ আপনি গাও
আপনি বাজাও তালে তালে।
মানুষ যত সাক্ষীগোপাল
মিছে আমি, আমার বলে ॥
ছায়াবাজীর পুতুল যেমন
জীবের জীবন তেমন,
দেবতা হতে পারে যদি
তোমার পথে চলে ॥
দেহ যন্ত্রে তুমি যন্ত্রী
আত্মরথে তুমি রথী
জীব কেবল পাপের ভাগী
নিজ স্বাধীনতার ফলে ॥
সর্ব্ব মুলাধার তুমি প্রাণের প্রাণ হৃদয় স্বামী,
পাপীকে উদ্ধার কর তুমি, নিজ পূণ্য বলে ॥



১১২ ॥

প্রজাদের রক্ত শুষে রঙ্গ রসে
ঘোর বিলাসে লিপ্ত যে মন ॥
এদিকে দে কর, দে কর, রব ভয়ঙ্কর,
কর্মে নিরন্তর কালেক্টারগণ ॥
অষ্ট মাস কৃষ্ণ লীলায়, রসের খেলায়
উছলে যেন শ্রীবৃন্দাবন ॥
সঙ্গে সব বিড়ালক্ষ্মী সতা লক্ষ্মী
রাসলীলায় মন করেন হরণ ॥
অপূর্ব্ব কুঞ্জকানন, বিহার ভবন
মর্ত্ত্যে যেন ইন্দ্র ভুবন,
বঁধুয়া বধু সনে মধুপানে
নিধুবনে মধুর মিলন ॥

১১৩ ॥

সইলো শোন লো হুজুগ ভারি
বিলিতী জিনিষ বন্ধ হোল ।
সিকেয় উঠল মোদের সাজা সাজি ।
মোম গড়া ফুল, মোহন ফিতে,
কোথায় পাবি লো সই মোহন খোঁপায় দিতে,

রাঙ্গা মুখের রুজ কোথা আর
পাবি না লো সই আর, এই রঙ্গের বাহার,
খোসবাই ভরা খাসা সাবান
বাজারে লো সই আর পাবে না স্থান ॥
এইবার খোল বেসনে অঙ্গ জুলুস
করতে হবে ফুল কুমারী ॥
এসেন্স দিয়ে বিবিয়ানা
মন মজানো সই লো সই আর হবে না ॥

১১৪

সবাই চায় শুধুই টাকা
টাকা নইলে সবই ফাঁকা
এই টাকা নইলে সংসারেতে
থাকা বড় দায় ॥
বলে মা মাস পোহাইলে
একশো টাকা নাহি দিলে
সংসারের মাঝে তোমার
হবে না তো ঠাঁই ॥
টাকা, টাকা, টাকা, করি
এখানে ওখানে আমি যে ঘুরি,
নদীর কুলে গিয়ে উঠি
ভাবি প্রাণ হারাই ॥

—মঞ্জু দাস

॥ ১১৫ ॥

পাগলা মনরে আমার
আনন্দে হরি গুণ গাও।
ভাই বল বন্ধু বল কেহ কার নয়
অমনি বলিলে তারা কেবা কোথা রয়॥
কোথায় রবে ঘর বাড়ি গাড়ি ঘোড়া জুড়ি,
মরণকালে ছেঁড়া চেটা কলসী বিচেল দড়ি,
প্রাণের প্রেয়সী তোমার নাইকো যার বাড়া,
সেই ত তোমায় দিবে বিদায় দিয়ে গোবর ছড়া,
কাঁদবে তোমার তরে দুদিন ভাসবে নয়ন জলে,
তার পরেতে দেখবে তোমার বাক্স পেঁটরা খুলে,
যদি কিছু রেখে থাক তবেই পাবে পার।
নৈলে তোমার চৌদ্দ পুরুষ সেইখানেই উদ্ধার॥

॥ ১১৬ ॥

তারা নিজ বলে গেল চলে
অকূল পারাবারে॥
শুনি কড়ি নাই যার, তুমি কর তারেও পার,
আমি সেই কথা শুনে ঘাটে এলাম হে॥

আমি দীন ভিখারী, আমার নাইকো কড়ি
তুমি দেখ ঝুলি ঝেড়ে।
আমার পারের সম্বল, দয়াল নামটি কেবল
তাই দয়াময় বলে ডাকি তোমায় হে॥
তাই অধমতারণ বলে ডাকি হে,
ফকির কেঁদে আকুল
পড়ে আকুল পাথারে সাঁতারে॥

১১৭॥

বলরে কৃষ্ণ বুলি ও ময়নাপাখী
বলরে কৃষ্ণ নাম।
এ নাম নিলে ও পাখী তোর
পুরবে মনের মনস্কাম॥
দেব তোরে ছাতু ছোলা
যারে পাখী উড়ে,
কোথায় আমার নিঠুর কালা
পাখী বলে দে আমারে,
কোথায় আমার বংশীধারী
নয়ন অভিরাম॥
দেখা হলে বলিস তারে,
কি দোষে রেখেছে আমায়
একাকিনী করে।
আমি যে তার শ্রীরাধিকা
সে যে আমার শ্যাম॥

॥ ১১৮ ॥

ললিতা গো করিস মানা
মোহন বাঁশী বাজাতে।
আর যে গৃহে মন রহে না
ঘরের কাজে মন লাগে না,
শ্যাম কি এলো কুলবালা ছলিতে ॥
এই বাঁশি কি যাদু জানে,
সদাই মন বাহিরে টানে,
পারবো না গো, মান কুলমান খোয়াতে।
ললিতা গো এই বলিও,
শ্যামকে তুমি বুঝাইও,
ঘরে আছে পাপ ননদী
আমি পারবো নাকো লোক হাসাতে ॥

॥ ১১৯ ॥

ঘরের মাঝে অনেক আছে
কোন ঘরামী ঘর বেঁধেছে।
এক পাড়ে দুই থাম্ দিয়েছে,
সেই ঘরের ছাওনা ছাওনী আছে

চামের এক বেড়া আছে
আর একটা বাতি আছে।
নিবায় বাতী কুবাতাসে
ঘরের মাঝে খুপরী আছে॥
তার খোপে খোপে মানুষ আছে
তারা কেহ না যায় কারো কাছে
যার যার ভাবে সে সে আছে॥

॥ ১২০

কথা কও বদন তুলে হও সদয় এই ভিক্ষা চাই॥
রাধার অধৈর্য্যে এলাম অপার্য্যে
তোমার কংস রাজ্যের অংশ লইতে আসি নাই॥
সঙ্গীনি প্রধানা রঙ্গিনা সে জনা
ভক্তি ক্রমে কৃষ্ণ কয়
দিলে নব্য রাখাল,
হলে ভব্য ভূলাল,
এবে সভ্য এই কংসালয়, আমার এই দশা দেখছে॥
আমি ব্রজের সেই বৃন্দে
পার কি চিনতে
তোমার চিন্তা কী চিন্তামণি, কেন সচিন্তে চিন্তা নাই
অধোবদনে রবে যদি বাঁকা মদনমোহন
তোমার কুব্জার দোহাই,
তোমার সহাস্য বদনে নাহি রহস্য
কিসে এত ঔদাস্য

॥ ১২১

ও আমার সোনার বাংলা রে—
ও আমার বন্ধু চাষী ভাই রে—
ওরে ও চাষী ভাই।
তোমার সোনার ফসল পেয়ে
মোদের জীবন বাঁচে তাই ॥
গ্রীষ্মে, বর্ষায় শরৎ শীতে
তুমি সে দেশের সকলের মতে
সর্ব্ব দেশে তোমায় বিনে
বাঁচার উপায় নাই ॥
তোমার কর্ম্মে, তোমার ধর্ম্মে
তুমি যে মহান
তোমায় দেখে আমরা সবাই
হই যে আগুয়ান ॥

কথা—মঞ্জু দাস

॥ ১২২ ॥

পীত বসন কুসুম ভূষণ,
যুবক যুবতী-রঞ্জন।
কোকিল ভ্রমর মধুর মধুর
করয়ে কুজন গুঞ্জন ॥

ধীরে ধীরে বহে মলয় বায়,
পীত বসন উড়িছে তায়,
ফু'ল ফুল-কলি ফু'টিয়া যায়।
প্রেমিক-নয়ন-শোভন ॥
প্রাণের প্রতিমা মধুর হাসে,
কুসুমে সাজিয়ে দাঁড়ায়ে পাশে,
অপরূপ চ্ছটা বিকাশে,
উরে ফুলধনু মদন ॥

॥ ১২৩ ॥

নদি ! বল রে বল, আমায় বল রে।
কে তোরে ঢালিয়ে দিল এমন শীতল জল রে
পাষাণে জন্ম নিলে, ধরলে নাম হিম শিলে,
কার প্রেমে গ'লে আবার হইলে তরল রে ?
ওরে যে নামেতে তুমি গলো
ওরে সেই নাম আমায় একবার বল,
দেখি আমার হৃদিস্থল।
গলে কি না আমার কঠিন হৃদিস্থল রে ॥
ভক্তি জ্ঞান পবন সঙ্গে, পুলক না ধরে অঙ্গে,
প্রেম তরঙ্গে তুমি কর টলমল রে ॥
তুমি নেচে নেচে ছুটে বেড়াও,
(মরি হায়, হায় রে নদী)
যারে নিকটে পাও তারে নাচাও
উচ্চ রবে কার নাম গাও. হইয়ে বিকল রে ॥

যে সৃজন করে তোরে, তার স্বরূপ তোমার নীরে।
তাই নদী তোমার তীরে দেখি শ্মশান স্থল রে॥
ওরে তোমার তটে যাপন করে,
হয়ে থাকে তোমায় হেরে হৃদয় নিরমল রে॥

১২৪

ওরে আমার প্রাণপিঞ্জরের পাখি,
গাও নারে, সদা সত্যং শিব সুন্দরং
ও নাম প্রাণভরে গাওনা রে।
পড় পড় আত্মারাম ডাক ডাক প্রাণারাম,
আমার হৃদয় মাঝে রে॥
(প্রাণবিহঙ্গ) ডাক অবিরাম ডাক :
তৃষিত চাতকের মত,
পাখি অলস থেকোনা রে॥
ব্রহ্ম কল্পতরুশাখে বসে রে পাখি,
বিভূ গুণ গাও দেখি গাও গাও রে
আবার ধর্ম্ম অর্থ কাম মোক্ষ
সুপক্ক ফ'ল খাও না রে॥
ওকি বলরে পাখি বল, তোর নয়নে কেন জল,
বুঝি হরি নামামৃত পানে হয়েছে বিহ্বল,
আহা কি সুন্দর দেখাচ্ছে তোমায়
পাখি নীরব হয়ো নারে॥

অসার বিহঙ্গ জনম কর রে সফল।
করি কোলাহল সুবিমল
গেয়ে অবিরাম আত্মারাম
মোক্ষধামে উড়ে চল্ না রে ॥

১২৫ ॥

হেথা সেথা করে রে মন,
তারে খোঁজ কেন তবে।
তোমার সাত্ তালা ঘরেতে দেখ,
পরম তত্ত্ব ঘরেই পাবে ॥
মূলাধার স্বাধিষ্ঠান, মণিপুর ক্রমে জান।
অনাহত বিশুদ্ধাজ্ঞা, এই ছয় তাহা যাবে ॥
মূলাধার হতে সিঁড়ি, মধ্যগা সুষম্না নাড়ী,
বহিয়া ষষ্ঠেতে চড়ি, তার উর্দ্ধে নিরখিবে ॥
দেখিবে সপ্তম তল, রহেছে সহস্র দল
অধোমুখে সে কমল, অতি কমণীয় ভাবে ॥
আছে রে উদরে তার স্ফটিকাভ দ্বাদশেরে।
মৃণালে মণ্ডিতাকার, হেরে তোর মোহ যাবে।
তাহে সে পরম ধন, যারে কর অন্বেষণ,
হবে সুধা বরিষণ নয়নে হেরিবে যবে ॥
গলিবে রে প্রাণমন, পেয়ে তোর হারাধন,
পুনঃ পুনঃ বিচরণ, আর না করিবি ভবে ॥
গোপালে কহিছে তায় গুরু বিনা কে দেখায়,
ধররে গুরুর পায়, তব বাঞ্ছা পূর্ণ হবে ॥

॥ ১২৬ ॥

মন ছাড় রে অসার ভোগ বাসনা,
কর প্রেমতত্ত্ব সাধনা ॥
স্বার্থ লোভে অন্ধ হয়ে কত কাল করিবে ভ্রমনা
হৃদয় উন্মুক্ত করে, আগে ভালবাস তারে,
যাঁর প্রেমকোলে সুখে করিছ প্রাণধারণ ॥
পবিত্র প্রেম নয়নে, দেখ নর-নারীগণে,
সুমিষ্ট বচনে সবে কর প্রতি সম্বোধন।
জীবন মধুময় হবে, কঠোরতা দূরে যাবে,
উদার ভাবে দেখ্‌বে সবে আপনার হতে আপন
সংসারের সারধন, প্রেম অমূল্য রতন,
করে যেই উপার্জন, চিরসুখী তার জীবন ॥

॥ ১২৭ ॥

সাধ করে কি পাগল হই।
যত সহজ লোকের কায়দা দেখে,
জবু স্থবু হয়ে রই ॥
(বাইরে) ধর্ম্ম চাপা, কেটে ছাপা,
মালা জপছে যত ঐ।
(ভিতরে) গোলক ধাঁধা, বাহির সাদা
ধর্ম্মের দফার চেরা সই ॥

কেটে ন্যায় মন্ত্র তন্ত্র বিচারে
কেন আমি কে।
(বেড়ায়) দিয়ে ফাঁকি পেতে চাকি
খাওয়ায় কেবল ট'কো দই ॥
(ওরা) করে আবার কাজির বিচার,
দেহ মন আমি নই।
তবে ভোগ লালসা সংসার আশা,
তোদের এখন গেছে কই ॥

॥ ১২৮

প্রেম পিঞ্জরে রাখ হে নাম
বন্দি করে চিরদিন।
পোষা পাখী হয়ে থাকি,
ডাকি তোমায় অনুক্ষণ ॥
ধন আমার প্রেমের জালে,
বেঁধে রাখ প্রেম শৃঙ্খলে,
বশ কর সুকৌশলে।
যেন পলাইতে না চায় মন ॥
নিজ হাতে দাও আহার, পবিত্র প্রেম আবার,
প্রেমভরে কর তায় শুনাও সুমিষ্ট বচন
কর মোরে শিক্ষা দান,
খাইতে তোমার নাম করে তব গুণগান।
সার্থক করি জীবন।
চাহিয়ে তোমার পানে, অনুরাগ নয়নে,
মগ্ন হব নাম গানে তুমি করিবে শ্রবণ ॥

॥ ১২৯ ॥

ঐ দেখ প্রেমের দরবারে আনন্দের মেলা।
হরি ভক্তসঙ্গে রসরঙ্গে করিছেন কত খেলা॥
কেহ লয়ে প্রেমের পসরা,
বলে আয় রে ভাই শুদ্ধ প্রেম,
কে নিবি তোরা —
করে অপরূপ মহাভাবের বিচিত্র রসলীলা॥
কেহ হরিভক্তের সাজায়ে ডালি,
দেখায় নাসা ভাবকলী,
ভাবে হাসে কাঁদে নাচে গায় দেয় করতালী,
দু'নয়নের জলের সঙ্গে
ভাবে প্রেমরসেতে মাতোয়ালা॥
যোগী ঋষি তপোধন তারা ধ্যানেতে মগন,
পণ্ডিতেরা বেদমন্ত্র করে উচ্চারণ,
আবার কর্ম্মী যত সেবায় রত, ভাবনায় হয়ে ভোলা॥
শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর রস,
তাতে দিয়ে নব রস,
কেহ বা বিলায় প্রেম কলসে কলস,
ডাকে কে নিবি আয়, প্রেমের ছবি ত্বরা করে এই বেলা॥
প্রেম দাসের বড় সাধ মনে,
হরি বলে ভিক্ষা করে ভক্তির দোকানে,
সাধু মহাজনের পাতের খেয়ে ঘুচাই জঠর জ্বালা॥

॥ ১৩০ ॥

ওরে যার হবার হয়, তার প্রেম উথলে ওঠে দুর্ব্বাঘাসে ।
হরি নামের জন্যে
প্রহ্লাদ নয়ন জলে ভাসে ॥
প্রেমে নদেবাসী গৌর ভুলাইল চোষে,
মাতাইল গৌর সেই বয়সে ॥
ওরে বেলা গেল বাসনায় আগুন দে,
তাই শুনে লালা আমার—
ওরে লালা আমার রইল না দেশে ॥
